বেকার যুবদের বিশ্বস্ত বন্ধু

# কর্মসংস্থান ব্যাংক

(রাষ্ট্রমালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)

কেন্দ্রীয় হিসাব ও তহবিল ব্যবস্থাপনা বিভাগ

www.kb.gov.bd

মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

**হিসাব পরিপত্র নং- ০৬/২০২২** **তারিখ : ০৮ ডিসেম্বর ২০২২**

**বিষয়: অর্ধ-বার্ষিক হিসাব সমাপনী ২০২২-২০২৩।**

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩ অর্থবছরের অর্ধ-বার্ষিক হিসাব সমাপনী আগামী **২৯ ডিসেম্বর ২০২২** তারিখে সম্পাদন করতে হবে। এজন্য ৩১ ডিসেম্বর ২০২২ তারিখ ভিত্তিক ব্যাংকের নির্ধারিত ফরমে সকল শাখাকে একটি করে **"সমাপনী পূর্ব এবং সমাপনী উত্তর- বৈষয়িক বিবরণী"** প্রস্তুত করতে হবে।

০২। অর্ধ-বার্ষিক হিসাব সমাপনের কাজ যথাযথ ও নির্ভুলভাবে সম্পাদনের সুবিধার্থে ব্যাংকের সকল শাখা/আঞ্চলিক কার্যালয়/বিভাগীয় কার্যালয়/বিভাগীয় নিরীক্ষা কার্যালয়কে নিম্নে বর্ণিত দিক-নির্দেশনা প্রদান করা হলো :

**(i) সঞ্চয়ী আমানত হিসাবে (০২০২০০) সুদ প্রদান ও প্রদানকৃত সুদের উপর উৎসে কর কর্তন :** সকল সঞ্চয়ী আমানত হিসাবে প্রতি মাসের সর্বনিম্ন স্থিতির উপর ০১.০৭.২০২২ হতে ৩১.১২.২০২২ তারিখ পর্যন্ত ৩.৫০% হারে সুদ প্রদান করতে হবে। সপ্তাহে ২(দুই) বারের বেশী অথবা মাসের সর্বোচ্চ স্থিতির ২৫% বা ২০,০০০.০০ (বিশ হাজার) টাকার বেশী উত্তোলন করলে ঐ মাসে সুদ প্রাপ্য হবে না। সর্বনিম্ন ১০০.০০ (একশত) টাকা বা তদূর্ধ্ব যে কোন অংকের আমানতের স্থিতির উপর সুদ প্রদান করতে হবে। সুদ পূর্ণ টাকায় প্রদান করতে হবে এবং এক টাকার কম হলে সুদ হিসাবভুক্ত করা যাবে না।

**উৎসে কর কর্তন**

(ক) সঞ্চয়ী আমানতকারীর আমানত হিসাবের স্থিতি যাই হোক না কেন, যদি সঞ্চয়ী আমানতকারীর TIN (Tax Identification Number) থাকে তাহলে সঞ্চয়ী আমানত হিসাবের উপর প্রদত্ত সুদের বিপরীতে ১০% হারে উৎসে কর কর্তন করতে হবে ;

(খ) যদি সঞ্চয়ী আমানতকারীর TIN (Tax Identification Number) না থাকে এবং যদি সঞ্চয়ী আমানতকারীর আমানত হিসাবের স্থিতি বছরের যে কোন দিন ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা অতিক্রম না করে, তাহলে সঞ্চয়ী আমানত হিসাবে প্রদত্ত সুদের বিপরীতে ১০% হারে উৎসে কর কর্তন করতে হবে ;

(গ) যদি সঞ্চয়ী আমানতকারীর আমানত হিসাবের স্থিতি বছরের যে কোন দিন ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা অতিক্রম করে এবং সঞ্চয়ী আমানতকারীর TIN না থাকে তাহলে সঞ্চয়ী আমানত হিসাবে প্রদত্ত সুদের উপর ১৫% হারে উৎসে কর কর্তন করতে হবে;

(ঘ) সঞ্চয়ী আমানতধারী ব্যক্তি/প্রতিষ্ঠান হতে পারে। উৎসে কর্তিত করের এডভাইস প্রেরণের সময় অবশ্যই ব্যক্তি ও প্রতিষ্ঠানের উৎসে কর্তিত করের পরিমাণের বিবরণ আলাদাভাবে উল্লেখ করতে হবে।

কর্তনকৃত উৎসে করের এডভাইস (নমুনা "সংযুক্তি-ক") সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করতে হবে। আঞ্চলিক কার্যালয় কর্তৃক অঞ্চলাধীন সকল শাখার উৎসে করের এডভাইস পৃথক অগ্রগামী পত্রের মাধ্যমে **০১.০১.২০২৩** তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে হিসাব পদ্ধতি হবে নিম্নরূপ :

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| আমানতের উপর প্রদত্ত সুদ - ১৩০৩৭৫ | সঞ্চয়ী আমানত - ০২০২০১/০২০২০২ |
| সঞ্চয়ী আমানত - ০২০২০১/০২০২০২ | উৎসে কর - ০৪০১০৪ |
| উৎসে কর- ০৪০১০৪ | কেবি আন্ত:হিসাব - ১১০২০০ |

**ii) কর্মচারী নিরাপত্তা আমানত হিসাব (০২০৯০০) :** ব্যাংকের সহকারী অফিসার (ক্যাশ) কর্তৃক জমাকৃত নিরাপত্তা আমানতের উপর ০১.০৭.২০২২ হতে ৩১.১২.২০২২ তারিখ পর্যন্ত ৮% হারে সুদ প্রদান করে প্রদেয় খাতভুক্ত করতে হবে এবং প্রদানকৃত সুদের উপর ১০% উৎসে কর কর্তন করতে হবে। **০১.০১.২০২৩** তারিখে প্রদেয় খাতে রক্ষিত সুদ সংশ্লিষ্ট সহকারী অফিসার (ক্যাশ)-কে চেক/সংশ্লিষ্ট সঞ্চয়ী হিসাবের মাধ্যমে প্রদান করতে হবে। কর্তনকৃত উৎসে করের এডভাইস (নমুনা "সংযুক্তি-ক") সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করতে হবে। আঞ্চলিক কার্যালয় কর্তৃক অঞ্চলাধীন সকল শাখার উৎসে করের এডভাইস পৃথক অগ্রগামী পত্রের মাধ্যমে **০১.০১.২০২৩** তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে হিসাব পদ্ধতি হবে নিম্নরূপ :

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| আমানতের উপর প্রদত্ত সুদ - ১৩০৩৭৫ | বিবিধ প্রদেয় - ০৪০১১১ |
| বিবিধ প্রদেয় - ০৪০১১১ | এসএনডি হিসাব (চেকের মাধ্যমে এওসি'র সুদ প্রদান)- ০৮০২০২ /সংশ্লিষ্ট সঞ্চয়ী আমানত -কর্মকর্তা-কর্মচারী -০২০২০২ |
| | উৎসে কর - ০৪০১০৪ |
| উৎসে কর- ০৪০১০৪ | কেবি আন্ত:হিসাব - ১১০২০০ |

**ক্রমশ: পৃষ্ঠা-০২**

**(iii) মৃত্যু ঝুঁকি আচ্ছাদন স্কীম (০২১২০০) :** ঋণ বিতরণের সময় ঋণ গ্রহীতাদের নিকট হতে মৃত্যু ঝুঁকি আচ্ছাদন স্কীম-এর জন্য গৃহিত তহবিলের এডভাইস (নমুনা ''সংযুক্তি-খ'') সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করতে হবে। আঞ্চলিক কার্যালয় কর্তৃক অঞ্চলাধীন সকল শাখার এডভাইস পৃথক অগ্রগামী পত্রের মাধ্যমে **০১.০১.২০২৩** তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে হিসাব পদ্ধতি হবে নিম্নরূপ :

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| মৃত্যু ঝুঁকি আচ্ছাদন তহবিল - ০২১২০০ | কেবি আন্ত: হিসাব - ১১০২০০ |

**(iv) কেবি স্পেশাল ডিপোজিট স্কীম (কেবিএসডিএস) (০২১৩০০) সুদ প্রদান ও প্রদানকৃত সুদের উপর উৎসে কর কর্তন:**

ঋণ ও অগ্রিম বিভাগ, ঋন আদায় ও আইন এবং গবেষণা বিভাগের ০৮.০৭.২০০৮ তারিখের ঋণ পরিপত্র নং-০১/২০০৮ ও ঋণ ও অগ্রিম বিভাগের ৩১.১২.২০১৬ তারিখের ঋণ পরিপত্র নং ১০/২০১৬ এর নির্দেশনা অনুসরণপূর্বক কেবিএসডিএস হিসেবে সুদ প্রদান করতে হবে এবং প্রদানকৃত সুদের উপর নিম্নবর্ণিত নির্দেশনা অনুযায়ী উৎসে কর কর্তন করতে হবে। ০১.০১.২০২২ হতে ৩১.১২.২০২২ তারিখ পর্যন্ত সময়বৃত্তে কেবিএসডিএস গ্রাহকের হিসাবে প্রদত্ত সুদের উপর কেবিএসডিএস গ্রাহকের যদি TIN থাকে তাহলে ১০% হারে উৎসে কর কর্তন করতে হবে, আর যদি কেবিএসডিএস গ্রাহকের TIN না থাকে এবং বছরের যে কোন দিন স্থিতি ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা অতিক্রম করে তাহলে ১৫% হারে উৎসে কর কর্তন করতে হবে। কর্তনকৃত উৎসে করের এডভাইস (নমুনা ''সংযুক্তি-ক'') সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করতে হবে। আঞ্চলিক কার্যালয় কর্তৃক অঞ্চলাধীন সকল শাখার উৎসে করের এডভাইস পৃথক অগ্রগামী পত্রের মাধ্যমে **০১.০১.২০২৩** তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে হিসাব পদ্ধতি হবে নিম্নরূপ :

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| আমানতের উপর প্রদত্ত সুদ - ১৩০৩৭৫ | কেবিএসডিএস - ০২১৩০০ |
| কেবিএসডিএস - ০২১৩০০ | উৎসে কর - ০৪০১০৪ |
| উৎসে কর- ০৪০১০৪ | কেবি আন্ত:হিসাব - ১১০২০০ |

**(V) কেবি টার্ম ডিপোজিট স্কিম (কেবিটিডিএস) (০২১৪০০) সুদ হিসাবায়ন :** এ বিভাগের ২১.০৮.২০১৭ , ০৪.১২.২০১৮, ২০.১০.২০১৯ ও ২০.১০.২০২২ তারিখের সার্কুলার লেটার নং- ২৩২, ১০৫৩, ৬০৬ ও ৫২৬ এ উল্লেখিত সুদ হারে চলতি কেবিটিডিএস হিসাবে ৩১.১২.২০২২ তারিখ পর্যন্ত (সাময়িক) সুদ হিসাবভুক্ত করতে হবে। অর্থাৎ ৩১.১২.২০২২ তারিখ পর্যন্ত বিদ্যমান সকল কেবিটিডিএস হিসাবের সুদের পরিমাণ নির্ণয় করতে হবে এবং ব্যয় খাতকে ডেবিট করত: প্রদেয় খাতকে ক্রেডিট করতে হবে। নির্ণীত (সাময়িক) সুদের উপর উৎসে কর কর্তন প্রযোজ্য হবে না। পরবর্তীতে কেবিটিডিএস এর মেয়াদপূর্তিতে সুদের হিসাব যথানিয়মে প্রদেয় খাতের সহিত সমন্বয় করতে হবে। এক্ষেত্রে হিসাব পদ্ধতি হবে নিম্নরূপ :

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| আমানতের উপর প্রদত্ত সুদ-১৩০৩৭৫ | প্রদেয় সুদ হিসাব-০৪০১২২ |

সংশ্লিষ্ট কেবিটিডিএস হিসাবের মেয়াদপূর্তিতে :

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| প্রদেয় সুদ হিসাব-০৪০১২২ | কেবিটিডিএস-০২১৪০০ |

০১.০৭.২০২২ তারিখ হতে অদ্যাবধি কেবিটিডিএস এর মেয়াদপূর্তীকালে সুদ প্রদান/নগদায়নের পর কর্তনকৃত উৎসে করের এডভাইস প্রেরণ করা না হয়ে থাকলে ২২.১২.২০২২ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে।

**(vi) আবগারী শুল্ক :** এ বিভাগের ১৯.০৭.২০১৭ তারিখের সার্কুলার লেটার নং-কেবি/প্রকা/কেহি-০১(০২)/২০১৭-২০১৮/৫৫ এ উল্লেখিত নির্দেশনা অনুযায়ী ৩১.১২.২০২২ তারিখে ২০২২ পঞ্জিকাবর্ষে ০১.০১.২০২২ হতে ৩১.১২.২০২২ এর যে কোন সময় হিসাবে ডেবিট/ক্রেডিট স্থিতির (Balance) ভিত্তিতে নিম্নবর্ণিত হারে আবগারী শুল্ক কর্তন করতে হবে। কর্তনকৃত আবগারী শুল্ক এডভাইস (নমুনা ''সংযুক্তি-ক'') সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করতে হবে। আঞ্চলিক কার্যালয় কর্তৃক অঞ্চলাধীন সকল শাখার উৎসে করের এডভাইস পৃথক অগ্রগামী পত্রের মাধ্যমে **০১.০১.২০২৩** তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।

| **বছরের যে কোন সময় হিসাবের স্থিতির পরিমাণ** | **কর্তনের পরিমাণ** |
|---|---|
| টাঃ ১,০০,০০০/- টাকা পর্যন্ত | শূণ্য |
| টাঃ ১,০০,০০১/- হইতে ৫,০০,০০০/- | টাঃ ১৫০/- |
| টাঃ ৫,০০,০০১/- হতে ১০,০০,০০০/- | টাঃ ৫০০/- |
| টাঃ ১০,০০,০০১/- হতে ১,০০,০০,০০০/- | টাঃ ৩,০০০/- |
| টাঃ ১,০০,০০,০০১/- হতে ৫,০০,০০,০০০/- | টাঃ ১৫,০০০/- |
| টাঃ ৫,০০,০০,০০১/- হতে তদূর্ধ্ব | টাঃ ৫০,০০০/- |

এ ক্ষেত্রে হিসাব পদ্ধতি নিম্নরূপ :

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| সঞ্চয়ী আমানত -০২০২০০ | আবগারী শুল্ক-০৪০১১০ |
| কেবিএসডিএস-০২১৩০০ | আবগারী শুল্ক-০৪০১১০ |
| কেবিটিডিএস-০২১৪০০ | আবগারী শুল্ক-০৪০১১০ |
| আবগারী শুল্ক-০৪০১১০ | বিবিধ প্রদেয়-০৪০১১১ |
| বিবিধ প্রদেয়-০৪০১১১ | কেবি আন্ত: হিসাব-১১০২০০ |

**ক্রমশ: পৃষ্ঠা-০৩**

উল্লেখ্য, সঞ্চয়ী হিসাব/কেবিএসডিএস/কেবিটিডিএস হিসাবে ৩১.১২.২০২২ তারিখ ভিত্তিক আবগারী শুল্ক কর্তন করা হলেও ৩১.১২.২০২২ তারিখের পরে পরবর্তী পঞ্জিকা বছরে অর্থাৎ ১ জানুয়ারী থেকে ৩১ ডিসেম্বর সময়কালে কোন হিসাব বন্ধ হলে প্রযোজ্য হারে আবগারী শুল্ক কর্তনযোগ্য।

**(vii) ঋণ ও অগ্রিম হিসাব (১০০০০০) :** অর্ধ-বার্ষিক হিসাব সমাপনী তারিখে যে সকল ঋণ মেয়াদোত্তীর্ণ হয়েছে/হবে সে সকল ঋণ মেয়াদোত্তীর্ণ খাতে স্থানান্তর করা না হয়ে থাকলে তা মেয়াদোত্তীর্ণ খাতে স্থানান্তর করতে হবে। এছাড়া, স্থগিত/মুলতবী আয় খাতে রক্ষিত অনাদায়ী সুদ হতে ৩১.১২.২০২২ তারিখ পর্যন্ত সময়ে আদায়কৃত সুদ আয় খাতে স্থানান্তর করা না হলে তা অবশ্যই আয় খাতে স্থানান্তর করতে হবে।

**(viii) ঋণ ও অগ্রিম - নিজস্ব কর্মসূচী (১০০১০০) :** ঋণ ও অগ্রিম বিভাগের ১৩ মে ২০১৮ তারিখের ঋণ পরিপত্র নম্বর-০৩/২০১৮ এর সুদ হার অনুযায়ী ঋণের উপর সুদ ধার্য করতে হবে। এক্ষেত্রে হিসাব পদ্ধতি হবে নিম্নরূপ :

<table>
<tr><th>ডেবিট</th><th rowspan="5">সকল ক্ষেত্রে</th><th>ক্রেডিট</th></tr>
<tr><td>২ বছর মেয়াদ পর্যন্ত ঋণ - ১০০১০১</td><td rowspan="2">অশ্রেণীকৃত ঋণের সুদ - নিজস্ব কর্মসূচী - ০৪০২০১</td></tr>
<tr><td>৩-৫ বছর মেয়াদ পর্যন্ত ঋণ - ১০০১০২</td></tr>
<tr><td>মেয়াদোত্তীর্ন ২ বছর মেয়াদী ঋণ - ১০০১০৩</td><td rowspan="2">শ্রেণীকৃত ঋণের সুদ - নিজস্ব কর্মসূচী -০৫০১০১</td></tr>
<tr><td>মেয়াদোত্তীর্ন ৩-৫ বছর মেয়াদী ঋণ - ১০০১০৪</td></tr>
</table>

**(ix) ঋণ ও অগ্রিম-কৃভিশি - (১০০৩০০) :** ঋণ ও অগ্রিম বিভাগের ১৩ মে ২০১৮ তারিখের ঋণ পরিপত্র নম্বর-০৩/২০১৮ এর সুদ হার অনুযায়ী ঋণের উপর সুদ ধার্য করতে হবে। কৃভিশি ঋণের পুনর্গঠিত তহবিলের এডভাইস (নমুনা ''সংযুক্তি-খ'') সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করতে হবে। আঞ্চলিক কার্যালয় কর্তৃক অঞ্চলাধীন সকল শাখার এডভাইস পৃথক অগ্রগামী পত্রের মাধ্যমে **০১.০১.২০২৩** তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। এ প্রকল্পের আওতায় বিতরণকৃত ঋণের উপর সুদ ধার্য, আদায়কৃত সুদ এবং পুনর্গঠিত তহবিলের হিসাব পদ্ধতি হবে নিম্নরূপ :

**অ) সুদ ধার্য-**

<table>
<tr><th>ডেবিট</th><th rowspan="5">সকল ক্ষেত্রে</th><th>ক্রেডিট</th></tr>
<tr><td>স্থায়ী মূলধন ঋণ- কৃ.ভি.শি - ১০০৩০১</td><td rowspan="2">অশ্রেণীকৃত ঋণের উপর সুদ ধার্য - কৃ.ভি.শি - ০৪০১০৭</td></tr>
<tr><td>চলতি মূলধন ঋণ- কৃ.ভি.শি - ১০০৩০২</td></tr>
<tr><td>মেয়াদোত্তীর্ন স্থায়ী মূলধন ঋণ- কৃ.ভি.শি - ১০০৩০৩</td><td rowspan="2">শ্রেণীকৃত ঋণের সুদ - কৃ.ভি.শি - ০৫০১০২</td></tr>
<tr><td>মেয়াদোত্তীর্ন চলতি মূলধন ঋণ- কৃ.ভি.শি - ১০০৩০৪</td></tr>
</table>

**আ) সুদ আদায় ও পুনর্গঠিত তহবিলে স্থানান্তর -**

<table>
<tr><th>ডেবিট</th><th rowspan="4">উভয় ক্ষেত্রে</th><th>ক্রেডিট</th></tr>
<tr><td>ঋণের উপর সুদ ধার্য- কৃ.ভি.শি - ০৪০১০৭</td><td>ঋণের সুদ - কৃ.ভি.শি - ০৪০২০৩</td></tr>
<tr><td>শ্রেণীকৃত ঋণের সুদ - কৃ.ভি.শি -০৫০১০২</td><td>তহবিল পুনর্গঠন - কৃ.ভি.শি - ০৪০১০৮</td></tr>
<tr><td>তহবিল পুনর্গঠন - কৃ.ভি.শি - ০৪০১০৮</td><td>কেবি আন্ত: হিসাব- ১১০২০০</td></tr>
</table>

**(x) ঋণ ও অগ্রিম - শিকাশ্র ঋণ কর্মসূচী (১০০৪০০) :** শিকাশ্র ঋণের পুনর্গঠিত তহবিলের এডভাইস (নমুনা ''সংযুক্তি-খ'') সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করতে হবে। আঞ্চলিক কার্যালয় কর্তৃক অঞ্চলাধীন সকল শাখার এডভাইস পৃথক অগ্রগামী পত্রের মাধ্যমে **০১.০১.২০২৩** তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। এ কর্মসূচীর আওতায় বিতরণকৃত ঋণের উপর সার্ভিস চার্জ, সার্ভিস চার্জ বন্টন ও পুনর্গঠিত তহবিলের হিসাব পদ্ধতি হবে নিম্নরূপ :

<table>
<tr><th>ডেবিট</th><th>ক্রেডিট</th></tr>
<tr><td rowspan="2">এসএনডি হিসাব- ০৮০২০২</td><td>ঋণের উপর সার্ভিস চার্জ- ০৪০২০৪</td></tr>
<tr><td>তহবিল পুনর্গঠন শিকাশ্র- ০৪০১০৯</td></tr>
<tr><td>তহবিল পুনর্গঠন - শিকাশ্র - ০৪০১০৯</td><td>কেবি আন্ত: হিসাব- ১১০২০০</td></tr>
</table>

**(xi) কর্মচারী মটর সাইকেল ঋণ ও গৃহ নির্মাণ কর্মী ঋণ (১০০৫০০) :** ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীদের মটর সাইকেল ঋণ ও গৃহ নির্মাণ ঋণের আসল স্থিতির উপর দৈনিক ভিত্তিতে ০১.০৭.২০২২ হতে ৩১.১২.২০২২ তারিখ পর্যন্ত বার্ষিক ৪% হারে সরল সুদ ধার্য করতে হবে। মঞ্জুরীপত্রের শর্তানুযায়ী কিস্তি কর্তন নিশ্চিত করতে হবে। কর্মী ঋণের হিসাব পদ্ধতি নিম্নরূপ :

<table>
<tr><th>ডেবিট</th><th>ক্রেডিট</th></tr>
<tr><td>মটর সাইকেল ঋণ- ১০০৫০১</td><td rowspan="2">কর্মী ঋণের সুদ- ০৪০২০৫</td></tr>
<tr><td>গৃহ নির্মাণ ঋণ- ১০০৫০২</td></tr>
</table>

**(xii) ঋণ-কেবি স্পেশাল ডিপোজিট স্কীম (১০০৬০০) :** নিয়মানুযায়ী কর্মসংস্থান ব্যাংক স্পেশাল ডিপোজিট স্কীম-এর বিপরীতে প্রদানকৃত ঋণের উপর সুদ ধার্য করতে হবে। এক্ষেত্রে হিসাব পদ্ধতি হবে নিম্নরূপ :

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| ঋণ- কেবিএসডিএস -১০০৬০০ | ঋণের সুদ- কেবিএসডিএস -০৪০২০৬ |

**ক্রমশ: পৃষ্ঠা-০৪**

**(xiii) ভোক্তা ঋণ- (১০০৭০০) :** নিয়মানুযায়ী ভোক্তা ঋণের উপর সুদ ধার্য করতে হবে। এক্ষেত্রে হিসাব পদ্ধতি হবে নিম্নরূপ :

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| ভোক্তা ঋণ- ১০০৭০০ | ঋণের সুদ-ভোক্তা ঋণ -০৪০২১৪ |

**(xiv) ক্ষুদ্র ব্যবসায়িক ঋণ (এসইসিপি)- (১০০৮০০) :** নিয়মানুযায়ী এসইসিপি ঋণের উপর সুদ ধার্য করতে হবে। এক্ষেত্রে হিসাব পদ্ধতি হবে নিম্নরূপ :

| ডেবিট | | ক্রেডিট |
|---|---|---|
| এসইসিপি ঋণ - ১০০৮০১ | সকল ক্ষেত্রে | অশ্রেণীকৃত ঋণের সুদ - এসইসিপি ঋণ -০৪০২১৫ |
| মেয়াদোত্তীর্ন এসইসিপি ঋণ- ১০০৮০২ | | শ্রেণীকৃত ঋণের সুদ - এসইসিপি ঋণ -০৫০১০৩ |

**(xv) বাংলাদেশ ব্যাংক মৎস্য ও প্রাণী সম্পদ ঋণ সহায়তা কর্মসূচী (১ম পর্যায়)- (১০১০০০) :** নিয়মানুযায়ী বাংলাদেশ ব্যাংক মৎস্য ও প্রাণী সম্পদ ঋণের উপর সুদ এ বিভাগের ১৩.০৭.২০১৫ তারিখের পরিপত্র নং-০৫/২০১৫ এবং ঋণ ও অগ্রিম বিভাগের ১৩ মে ২০১৮ তারিখের ঋণ পরিপত্র নম্বর-০৩/২০১৮ এর সুদ হার অনুযায়ী ঋণের উপর সুদ ধার্য করতে হবে। এক্ষেত্রে হিসাব পদ্ধতি হবে নিম্নরূপ :

| ডেবিট | | ক্রেডিট |
|---|---|---|
| বিবি মপ্রাস ঋণ - ১০১০০১ | সকল ক্ষেত্রে | অশ্রেণীকৃত ঋণের সুদ - বিবি মপ্রাস ঋণ -০৪০২১৭ |
| মেয়াদোত্তীর্ন বিবি মপ্রাস ঋণ- ১০১০০২ | | শ্রেণীকৃত ঋণের সুদ - বিবি মপ্রাস ঋণ -০৫০১০৪ |

**(xvi) বাংলাদেশ ব্যাংক মৎস্য ও প্রাণী সম্পদ ঋণ সহায়তা কর্মসূচী (২য় পর্যায়)- (১০১০০০) :** নিয়মানুযায়ী বাংলাদেশ ব্যাংক মৎস্য ও প্রাণী সম্পদ ঋণের উপর সুদ এ বিভাগের ০৮.০১.২০১৮ তারিখের পরিপত্র নং-০১/২০১৮ এবং ঋণ ও অগ্রিম বিভাগের ১৩ মে ২০১৮ তারিখের ঋণ পরিপত্র নম্বর-০৩/২০১৮ এর সুদ হার অনুযায়ী ঋণের উপর সুদ ধার্য করতে হবে। এক্ষেত্রে হিসাব পদ্ধতি হবে নিম্নরূপ :

| ডেবিট | | ক্রেডিট |
|---|---|---|
| বিবি মপ্রাস ঋণ - ১০১০০৩ | সকল ক্ষেত্রে | অশ্রেণীকৃত ঋণের সুদ - বিবি মপ্রাস ঋণ -০৪০২২৭ |
| মেয়াদোত্তীর্ন বিবিমপ্রাস ঋণ- ১০১০০৪ | | শ্রেণীকৃত ঋণের সুদ - বিবি মপ্রাস ঋণ -০৫০১০৭ |

**(xvii) বাংলাদেশ ব্যাংক মৎস্য ও প্রাণী সম্পদ ঋণ সহায়তা কর্মসূচী (৩য় পর্যায়)- (১০১০০০) :** নিয়মানুযায়ী বাংলাদেশ ব্যাংক মৎস্য ও প্রাণী সম্পদ ঋণের উপর সুদ এ বিভাগের ১০.০৭.২০১৯ তারিখের পরিপত্র নং-০৫/২০১৯ এবং ঋণ ও অগ্রিম বিভাগের **১০** জুলাই ২০১৯ তারিখের অপারেশন **পরিপত্র নম্বর- ০২/২০১৯ এর সুদ হার অনুযায়ী** ধার্য করতে হবে। এক্ষেত্রে হিসাব পদ্ধতি হবে নিম্নরূপ :

| ডেবিট | | ক্রেডিট |
|---|---|---|
| বিবি মপ্রাস ঋণ - ১০১০০৫ | সকল ক্ষেত্রে | অশ্রেণীকৃত ঋণের সুদ - বিবি মপ্রাস ঋণ -০৪০২২৮ |
| মেয়াদোত্তীর্ন বিবি মপ্রাস ঋণ- ১০১০০৬ | | শ্রেণীকৃত ঋণের সুদ - বিবি মপ্রাস ঋণ -০৫০১০৮ |

**(xviii) বাংলাদেশ ব্যাংক মৎস্য ও প্রাণী সম্পদ ঋণ সহায়তা কর্মসূচী (৪র্থ পর্যায়)- (১০১০০০) :** নিয়মানুযায়ী বাংলাদেশ ব্যাংক মৎস্য ও প্রাণী সম্পদ ঋণের উপর সুদ এ বিভাগের ০৫.০৮.২০২০ তারিখের পরিপত্র নং-০৪/২০২০ এবং ঋণ ও অগ্রিম বিভাগের **০২.০২.২০২০** তারিখের অপারেশন পরিপত্র নম্বর- ০২/২০২০ এর সুদ হার অনুযায়ী ধার্য করতে হবে। এক্ষেত্রে হিসাব পদ্ধতি হবে নিম্নরূপ:

**(অ) অশ্রেণীকৃত ঋণের ক্ষেত্রে সুদ ধার্য :**

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| ১০১০০৭-ঋন ও অগ্রিম (চলতি ঋণ)<br>(বাংলাদেশ ব্যাংক মৎস্য ও প্রাণী সম্পদ ঋণ সহায়তা কর্মসূচী-৪র্থ পর্যায়) | ০৪০২৩১-বাংলাদেশ ব্যাংক মৎস্য ও প্রাণী সম্পদ ঋণ সহায়তা কর্মসূচী-৪র্থ পর্যায় হতে আয় |
| ১০১০০৮- ঋণ ও অগ্রিম (মেয়াদোত্তীর্ণ ঋণ)<br>(বাংলাদেশ ব্যাংক মৎস্য ও প্রাণী সম্পদ ঋণ সহায়তা কর্মসূচী-৪র্থ পর্যায়) | |
| ১০১০০৯-ঋন ও অগ্রিম (চলতি ঋণ)<br>(বাংলাদেশ ব্যাংক মৎস্য ও প্রাণী সম্পদ ঋণ সহায়তা কর্মসূচী -৪র্থ পর্যায়ের আওতায় বঙ্গবন্ধু যুব ঋণ) | |
| ১০১০১০- ঋণ ও অগ্রিম (মেয়াদোত্তীর্ণ ঋণ)<br>(বাংলাদেশ ব্যাংক মৎস্য ও প্রাণী সম্পদ ঋণ সহায়তা কর্মসূচী -৪র্থ পর্যায়ের আওতায় বঙ্গবন্ধু যুব ঋণ) | |

**(আ) শ্রেণীকৃত ঋণের ক্ষেত্রে সুদ ধার্য** :

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| ১০১০০৭-ঋন ও অগ্রিম (চলতি ঋণ)<br>(বাংলাদেশ ব্যাংক মৎস্য ও প্রাণী সম্পদ ঋণ সহায়তা কর্মসূচী-৪র্থ পর্যায়) | ০৫০১১০-বাংলাদেশ ব্যাংক মৎস্য ও প্রাণী সম্পদ ঋণ সহায়তা কর্মসূচী-৪র্থ পর্যায় -স্থগিত সুদ |
| ১০১০০৮- ঋণ ও অগ্রিম (মেয়াদোত্তীর্ণ ঋণ)<br>(বাংলাদেশ ব্যাংক মৎস্য ও প্রাণী সম্পদ ঋণ সহায়তা কর্মসূচী-৪র্থ পর্যায়) | |
| ১০১০০৯-ঋন ও অগ্রিম (চলতি ঋণ)<br>(বাংলাদেশ ব্যাংক মৎস্য ও প্রাণী সম্পদ ঋণ সহায়তা কর্মসূচী -৪র্থ পর্যায়ের আওতায় বঙ্গবন্ধু যুব ঋণ) | |
| ১০১০১০- ঋণ ও অগ্রিম (মেয়াদোত্তীর্ণ ঋণ)<br>(বাংলাদেশ ব্যাংক মৎস্য ও প্রাণী সম্পদ ঋণ সহায়তা কর্মসূচী -৪র্থ পর্যায়ের আওতায় বঙ্গবন্ধু যুব ঋণ) | |

**ক্রমশ: পৃষ্ঠা-০৫**

**(xix)** **দুগ্ধ উৎপাদন ও কৃত্রিম প্রজনন পুন:অর্থায়ন ঋণ- (১০১১০০) :** নিয়মানুযায়ী দুগ্ধ উৎপাদন ও কৃত্রিম প্রজনন খাতে পুন:অর্থায়ন কর্মসূচীর ঋণের উপর সুদ এ বিভাগের ২১.০১.২০১৬ তারিখের পরিপত্র নং-০৩/২০১৬ , নং-০১/২০১৮ এর নির্দেশনা এবং ঋণ ও অগ্রিম বিভাগের ১৩ মে ২০১৮ তারিখের ঋণ পরিপত্র নম্বর-০৩/২০১৮ এর সুদ হার অনুযায়ী ঋণের উপর সুদ ধার্য করতে হবে। এক্ষেত্রে হিসাব পদ্ধতি হবে নিম্নরূপ :

| ডেবিট | | ক্রেডিট |
|---|---|---|
| দুউওকৃপ্র ঋণ- ১০১১০১ | সকল ক্ষেত্রে | অশ্রেণীকৃত ঋণের সুদ - দুউওকৃপ্র ঋণ -০৪০২১৮ |
| মেয়াদোত্তীর্ন দুউওকৃপ্র ঋণ- ১০১১০২ | | শ্রেণীকৃত ঋণের সুদ - দুউওকৃপ্র ঋণ -০৫০১০৫ |

**(xx)** **কম্পিউটার ঋণ- (১০১২০০) :** নিয়মানুযায়ী কম্পিউটার/ল্যাপটপ ক্রয় ঋণের উপর সুদ এ বিভাগের ০৬.০৪.২০১৬ তারিখের পরিপত্র নং-০৫/২০১৬ এর নির্দেশনা মোতাবেক ধার্য করতে হবে। এক্ষেত্রে হিসাব পদ্ধতি হবে নিম্নরূপ:

| ডেবিট | | ক্রেডিট |
|---|---|---|
| কম্পিউটার ঋণ- ১০১২০১ | সকল ক্ষেত্রে | অশ্রেণীকৃত ঋণের সুদ - কম্পিউটার ঋণ -০৪০২২০ |
| মেয়াদোত্তীর্ন কম্পিউটার ঋণ- ১০১২০২ | | শ্রেণীকৃত ঋণের সুদ - কম্পিউটার ঋণ -০৫০১০৬ |

**(xxi)** **কেবিটিডিএস ঋণ- (১০১৩০০) :** এ বিভাগের ২১.০৮.২০১৭ ও ০৪.০৪.২০১৮ তারিখের সার্কুলার লেটার নং-কেবি/প্রকা/কেহি-১৪৯/২০১৭-২০১৮/২৩২ ও ১৫৭২ এ উল্লেখিত সুদ হারে চালু কেবিটিডিএস ঋণ হিসাবে ৩১.১২.২০২২ তারিখ পর্যন্ত (সাময়িক) সুদ হিসাব করতে হবে (সুদ কেবিটিডিএস ঋণ হিসাবে এন্ট্রি না দিয়ে পৃথক রেজিষ্টারে তালিকা করে হিসাব করতে হবে) যা **০১.০১.২০২৩** তারিখে রিভার্স করতে হবে। এক্ষেত্রে হিসাব পদ্ধতি হবে নিম্নরূপ :

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| আদায়যোগ্য হিসাব- ১৩০১০৮ | কেবিটিডিএস ঋণের উপর সুদ চার্জ -০৪০২২১ |

**(xxii)** **সুদ যুক্ত ভবন ভাড়া অগ্রিম - (১০১৪০০) :** চুক্তিপত্রের শর্তানুযায়ী সংশ্লিষ্ট শাখাসমূহকে সুদ যুক্ত ভবন ভাড়া অগ্রিমের উপর সুদ ধার্য করতে হবে। সুদ যুক্ত/সুদ মুক্ত ভবন ভাড়া অগ্রিম মাসিক কিস্তি কর্তন/সমন্বয় এবং প্রচলিত হারে ভ্যাট/উৎসে কর কর্তন নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে হিসাব পদ্ধতি হবে নিম্নরূপ :

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| ভবন ভাড়া অগ্রিম- ১০১৪০০ | ভবন ভাড়া অগ্রিমের সুদ- ০৪০২২৩ |

**(xxiii)** **বঙ্গবন্ধু যুব ঋণ- (১০১৫০০) :** নিয়মানুযায়ী “বঙ্গবন্ধু যুব ঋণ” এর হিসাবায়ন এ বিভাগের ০৯ জানুয়ারি ২০২০ তারিখের পরিপত্র নং-০১/২০২০ এবং ঋণ ও অগ্রিম বিভাগের ০৬ জানুয়ারি ২০২০ তারিখের পরিপত্র নম্বর-০১/২০২০ এর মাধ্যমে জারীকৃত সুদ হার অনুযায়ী ঋণের উপর সুদ ধার্য করতে হবে। এক্ষেত্রে হিসাব পদ্ধতি হবে নিম্নরূপ :

| ডেবিট | | ক্রেডিট |
|---|---|---|
| ১০১৫০১- ঋণ ও অগ্রিম (চলতি ঋণ) (বঙ্গবন্ধু যুব ঋণ) | সকল ক্ষেত্রে | অশ্রেণীকৃত ঋণের সুদ হতে আয়- ০৪০২৩০ |
| ১০১৫০২- ঋণ ও অগ্রিম (মেয়াদোত্তীর্ণ ঋণ) (বঙ্গবন্ধু যুব ঋণ) | | শ্রেণীকৃত ঋণের সুদ হতে আয়- ০৫০১০৯ |

**(xxiv) covid-১৯ প্রভাব মোকাবেলার লক্ষ্যে অর্থনীতিতে গতিশীলতা আনয়নকল্পে দারিদ্র বিমোচন ও কর্মসংস্থান সৃষ্টির জন্য ঋণ সহায়তা কর্মসূচী (১০১৬০০):** নিয়মানুযায়ী ‘covid-১৯ প্রভাব মোকাবেলার লক্ষ্যে অর্থনীতিতে গতিশীলতা আনয়নকল্পে দারিদ্র বিমোচন ও কর্মসংস্থান সৃষ্টির জন্য ঋণ সহায়তা কর্মসূচী’ ঋণের উপর এ বিভাগের ২৪.০৮.২০২০ তারিখের পরিপত্র নং-০৬/২০২০ এবং ঋণ ও অগ্রিম বিভাগের ২৩ আগষ্ট ২০২০ তারিখের পরিপত্র নম্বর-০৩/২০২০ এর মাধ্যমে জারীকৃত সুদ হার অনুযায়ী ঋণের উপর সুদ ধার্য করতে হবে। এক্ষেত্রে হিসাব পদ্ধতি হবে নিম্নরূপ :

**(অ) অশ্রেণীকৃত ঋণের ক্ষেত্রে সুদ ধার্য :**

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| ১০১৬০১-ঋন ও অগ্রিম (চলতি ঋণ) | ০৪০২৩২-covid-১৯ প্রভাব মোকাবেলার লক্ষ্যে অর্থনীতিতে গতিশীলতা আনয়নকল্পে দারিদ্র বিমোচন ও কর্মসংস্থান সৃষ্টির জন্য ঋণ সহায়তা কর্মসূচী হতে আয় |
| ১০১৬০২- ঋণ ও অগ্রিম (মেয়াদোত্তীর্ণ ঋণ) | |
| ১০১৬০৩-ঋন ও অগ্রিম (চলতি ঋণ) (বঙ্গবন্ধু যুব ঋণ) | |
| ১০১৬০৪- ঋণ ও অগ্রিম (মেয়াদোত্তীর্ণ ঋণ) (বঙ্গবন্ধু যুব ঋণ) | |

ক্রমশ: পৃষ্ঠা-০৬

**(আ) শ্রেণীকৃত ঋণের ক্ষেত্রে সুদ ধার্য :**

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| ১০১৬০১-ঋন ও অগ্রিম (চলতি ঋণ) | ০৫০১১১- covid-১৯ প্রভাব মোকাবেলার লক্ষ্যে অর্থনীতিতে গতিশীলতা আনয়ণকল্পে দারিদ্র বিমোচন ও কর্মসংস্থান সৃষ্টির জন্য ঋণ সহায়তা কর্মসূচীর স্থগিত সুদ |
| ১০১৬০২- ঋণ ও অগ্রিম (মেয়াদোত্তীর্ণ ঋণ) | |
| ১০১৬০৩-ঋন ও অগ্রিম (চলতি ঋণ) (বঙ্গবন্ধু যুব ঋণ) | |
| ১০১৬০৪- ঋণ ও অগ্রিম (মেয়াদোত্তীর্ণ ঋণ) (বঙ্গবন্ধু যুব ঋণ) | |

**(XXV) COVID-১৯ এর চলমান সংক্রমণের কারণে আরোপিত বিধিনিষেধের ফলে ক্ষতিগ্রস্ত নিম্নআয়ের মানুষের অনুকূলে প্রণোদনা প্যাকেজের আওতায় ঋণ সহায়তা প্রদান কর্মসূচী (১০১৬০০):** নিয়মানুযায়ী COVID-১৯ এর চলমান সংক্রমণের কারণে আরোপিত বিধিনিষেধের ফলে ক্ষতিগ্রস্ত নিম্নআয়ের মানুষের অনুকূলে প্রণোদনা প্যাকেজের আওতায় ঋণ সহায়তা প্রদান কর্মসূচী ঋণের উপর এ বিভাগের ২৭.১০.২০২১ তারিখের পরিপত্র নং-০৬/২০২১ এবং ঋণ ও অগ্রিম বিভাগের ২৬ অক্টোবর ২০২১ তারিখের পরিপত্র নম্বর-০৮/২০২১ এর মাধ্যমে জারীকৃত সুদ হার অনুযায়ী ঋণের উপর সুদ ধার্য করতে হবে। এক্ষেত্রে হিসাব পদ্ধতি হবে নিম্নরূপ :

**(অ) অশ্রেণীকৃত ঋণের ক্ষেত্রে সুদ ধার্য :**

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| ১০১৬০৫-ঋন ও অগ্রিম (চলতি ঋণ) | ০৪০১২৪- COVID-১৯ এর চলমান সংক্রমণের কারণে আরোপিত বিধিনিষেধের ফলে ক্ষতিগ্রস্ত নিম্নআয়ের মানুষের অনুকূলে প্রণোদনা প্যাকেজের আওতায় ঋণ সহায়তা প্রদান কর্মসূচীতে বিতরণকৃত ঋণের উপর ধার্যকৃত সুদ |
| ১০১৬০৬- ঋণ ও অগ্রিম (মেয়াদোত্তীর্ণ ঋণ) | |
| ১০১৬০৭-ঋন ও অগ্রিম (চলতি ঋণ) (বঙ্গবন্ধু যুব ঋণ) | |
| ১০১৬০৮- ঋণ ও অগ্রিম (মেয়াদোত্তীর্ণ ঋণ) (বঙ্গবন্ধু যুব ঋণ) | |

**(আ) শ্রেণীকৃত ঋণের ক্ষেত্রে সুদ ধার্য :**

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| ১০১৬০৫-ঋন ও অগ্রিম (চলতি ঋণ) | ০৫০১১৩- COVID-১৯ এর চলমান সংক্রমণের কারণে আরোপিত বিধিনিষেধের ফলে ক্ষতিগ্রস্ত নিম্নআয়ের মানুষের অনুকূলে প্রণোদনা প্যাকেজের আওতায় ঋণ সহায়তা প্রদান কর্মসূচীতে বিতরণকৃত ঋণের উপর ধার্যকৃত স্থগিত সুদ |
| ১০১৬০৬- ঋণ ও অগ্রিম (মেয়াদোত্তীর্ণ ঋণ)) | |
| ১০১৬০৭-ঋন ও অগ্রিম (চলতি ঋণ) (বঙ্গবন্ধু যুব ঋণ) | |
| ১০১৬০৮- ঋণ ও অগ্রিম (মেয়াদোত্তীর্ণ ঋণ) (বঙ্গবন্ধু যুব ঋণ) | |

**(ই) 'COVID-১৯ এর চলমান সংক্রমণের কারণে আরোপিত বিধিনিষেধের ফলে ক্ষতিগ্রস্ত নিম্নআয়ের মানুষের অনুকূলে প্রণোদনা প্যাকেজের আওতায় ঋণ সহায়তা প্রদান কর্মসূচী' এর আওতায় বিতরণকৃত ঋণের উপর ধার্যকৃত সুদ নগদে আদায়ের সাথে সাথে হিসাব পদ্ধতি নিম্নরূপ** :

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| ধার্যকত সুদ-০৪০১২৪ | ০৪০১২৫- COVID-১৯ এর চলমান সংক্রমণের কারণে আরোপিত বিধিনিষেধের ফলে ক্ষতিগ্রস্ত নিম্নআয়ের মানুষের অনুকূলে প্রণোদনা প্যাকেজের আওতায় ঋণ সহায়তা প্রদান কর্মসূচীতে বিতরণকৃত ঋণের আদায়কৃত সুদ দ্বারা গঠিত Revolving Fund |
| শ্রেণীকৃত ঋণের সুদ-০৫০১১৩ | |

**(ঈ) 'COVID-১৯ এর চলমান সংক্রমণের কারণে আরোপিত বিধিনিষেধের ফলে ক্ষতিগ্রস্ত নিম্নআয়ের মানুষের অনুকূলে প্রণোদনা প্যাকেজের আওতায় ঋণ সহায়তা প্রদান কর্মসূচী' হতে আদায়কৃত সুদ অর্থ মন্ত্রণালয়ের, অর্থ বিভাগ, বাজেট অনুবিভাগ-১ অধিশাখা-১ এর ২৮ নভেম্বর ২০২১ তারিখের পত্র সূত্র নং-০৭.১০১.০২০.০৩.০৯.০০৪.২০২০-১৭৩ এর নির্দেশনা মোতাবেক Revolving Fund হতে আদায়কৃত সুদ আয়খাতে স্থানান্তরের হিসাব পদ্ধতি নিম্নরূপ :**

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| COVID-১৯ এর চলমান সংক্রমণের কারণে আরোপিত বিধিনিষেধের ফলে ক্ষতিগ্রস্ত নিম্নআয়ের মানুষের অনুকূলে প্রণোদনা প্যাকেজের আওতায় ঋণ সহায়তা প্রদান কর্মসূচীতে বিতরণকৃত ঋণের আদায়কৃত সুদ দ্বারা গঠিত Revolving Fund-০৪০১২৫ | 'COVID-১৯ এর চলমান সংক্রমণের কারণে আরোপিত বিধিনিষেধের ফলে ক্ষতিগ্রস্ত নিম্নআয়ের মানুষের অনুকূলে প্রণোদনা প্যাকেজের আওতায় ঋণ সহায়তা প্রদান কর্মসূচী' হতে আয়-০৪০২৩৪ |

ক্রমশ: পৃষ্ঠা-০৭

**(xxvi) বাংলাদেশ ব্যাংক হতে প্রাপ্ত তহবিলের আওতায় বঙ্গবন্ধু যুব ঋণ কর্মসূচী (১০১৭০০):** বাংলাদেশ ব্যাংক হতে প্রাপ্ত তহবিলের আওতায় বঙ্গবন্ধু যুব ঋণ কর্মসূচীর হিসাবায়ন এ বিভাগের ১৭.০১.২০২১ তারিখের পরিপত্র নং ০১/২০২১ এবং ঋণ ও অগ্রিম বিভাগের ১৪ জানুয়ারি ২০২১ তারিখের পরিপত্র নং-০১/২০২১ এর মাধ্যমে জারীকৃত সুদ হার অনুযায়ী ঋণের উপর সুদ ধার্য করতে হবে। এক্ষেত্রে হিসাব পদ্ধতি হবে নিম্নরূপ :

| ডেবিট | | ক্রেডিট |
|---|---|---|
| ১০১৭০১- ঋণ ও অগ্রিম (চলতি ঋণ) (বাংলাদেশ ব্যাংক হতে প্রাপ্ত তহবিলের আওতায় বঙ্গবন্ধু যুব ঋণ) | সকল ক্ষেত্রে | অশ্রেণীকৃত ঋণের সুদ- বাংলাদেশ ব্যাংক হতে প্রাপ্ত তহবিলের আওতায় বঙ্গবন্ধু যুব ঋণ হতে আয়- ০৪০২৩৩ |
| ১০১৭০২- ঋণ ও অগ্রিম (মেয়াদোত্তীর্ণ ঋণ) (বাংলাদেশ ব্যাংক হতে প্রাপ্ত তহবিলের আওতায় বঙ্গবন্ধু যুব ঋণ) | | শ্রেণীকৃত ঋণের সুদ- বাংলাদেশ ব্যাংক হতে প্রাপ্ত তহবিলের আওতায় বঙ্গবন্ধু যুব ঋণ হতে আয়- ০৫০১১২ |

**(xxvii) বিশেষ চাহিদা সম্পন্ন (প্রতিবন্ধী) বেকার যুবদের উন্নয়নে ঋণ কর্মসূচী (১০১৮০০):** শাখা বিশেষ চাহিদা সম্পন্ন (প্রতিবন্ধী) বেকার যুবদের উন্নয়নে ঋণ কর্মসূচীর হিসাবায়ন এ বিভাগের ২০ এপ্রিল ২০২২ তারিখের পরিপত্র নং ০২/২০২২ এবং ঋণ ও অগ্রিম বিভাগের পরিপত্র নং-০৪/২০২২ তারিখ ১৩ এপ্রিল ২০২২ এর মাধ্যমে জারীকৃত সুদ হার অনুযায়ী ঋণের উপর সুদ ধার্য করতে হবে। এ ক্ষেত্রে হিসাব পদ্ধতি হবে নিম্নরূপ :

**(অ) নিয়মিত ঋণের ক্ষেত্রে সুদ ধার্য:**

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| ১০১৮০১- ঋণ ও অগ্রিম চলতি ঋণ- নিয়মিত (বিশেষ চাহিদা সম্পন্ন (প্রতিবন্ধী) বেকার যুবদের উন্নয়নে ঋণ কর্মসূচী) | ০৪০২৩৫- বিশেষ চাহিদা সম্পন্ন (প্রতিবন্ধী) বেকার যুবদের উন্নয়নে ঋণ কর্মসূচীর উপর চার্জকৃত সুদ হতে আয় ৯০% |
| | ০৪০১০৬- ঋণের সুদ রেয়াত (বিশেষ চাহিদা সম্পন্ন (প্রতিবন্ধী) বেকার যুবদের উন্নয়নে ঋণ কর্মসূচীর উপর চার্জকৃত সুদের ১০%) |

**(আ) অনিয়মিত/মেয়াদোত্তীর্ণ ঋণের ক্ষেত্রে সুদ ধার্য :**

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| ১০১৮০১- ঋণ ও অগ্রিম চলতি ঋণ- অনিয়মিত (বিশেষ চাহিদা সম্পন্ন (প্রতিবন্ধী) বেকার যুবদের উন্নয়নে ঋণ কর্মসূচী) | ০৪০২৩৫- বিশেষ চাহিদা সম্পন্ন (প্রতিবন্ধী) বেকার যুবদের উন্নয়নে ঋণ কর্মসূচী হতে আয় |
| ১০১৮০২- ঋণ ও অগ্রিম -মেয়াদোত্তীর্ণ ঋণ (বিধবা/ স্বামী পরিত্যক্তা বেকার যুব মহিলাদের জন্য ঋণ কর্মসূচী) | |

**(ই) শ্রেণীকৃত ঋণের ক্ষেত্রে সুদ ধার্য :**

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| ১০১৮০১- ঋণ ও অগ্রিম (চলতি ঋণ) বিশেষ চাহিদা সম্পন্ন (প্রতিবন্ধী) বেকার যুবদের উন্নয়নে ঋণ কর্মসূচী | ০৫০১১৪- বিশেষ চাহিদা সম্পন্ন (প্রতিবন্ধী) বেকার যুবদের উন্নয়নে ঋণ কর্মসূচীর স্থগিত সুদ |
| ১০১৮০২- ঋণ ও অগ্রিম (মেয়াদোত্তীর্ণ ঋণ) বিশেষ চাহিদা সম্পন্ন (প্রতিবন্ধী) বেকার যুবদের উন্নয়নে ঋণ কর্মসূচী | |

**(ঈ) শ্রেণীকৃত ঋণের উপর ধার্যকৃত সুদ আদায়ের হিসাবায়ন পদ্ধতি :**

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| ০৫০১১৪- বিশেষ চাহিদা সম্পন্ন (প্রতিবন্ধী) বেকার যুবদের উন্নয়নে ঋণ কর্মসূচীর স্থগিত সুদ | ০৪০২৩৫- বিশেষ চাহিদা সম্পন্ন (প্রতিবন্ধী) বেকার যুবদের উন্নয়নে ঋণ কর্মসূচী হতে আয় |

**(উ) নিয়মিত ঋণ পরিশোধকারীকে আদায়কৃত সুদের ১০% রিবেট সুবিধা প্রদানের হিসাবায়ন:**

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| ০৪০১০৬-ঋণের সুদ রেয়াত (বিশেষ চাহিদা সম্পন্ন (প্রতিবন্ধী) বেকার যুবদের উন্নয়নে ঋণ কর্মসূচী) | ০৮০২০২- এসএনডি হিসাব বিশেষ চাহিদা সম্পন্ন (প্রতিবন্ধী) বেকার যুবদের উন্নয়নে ঋণ কর্মসূচীর উপর আদায়কৃত সুদের ১০% |

ক্রমশ: পৃষ্ঠা-০৮

**(উ) রেয়াত খাতে সংরক্ষিত অর্থ (কিস্তি পরিশোধ অনিয়মিত) আয় খাতে স্থানান্তর হিসাব পদ্ধতি:**

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| ০৪০১০৬-ঋণের সুদ রেয়াত (বিশেষ চাহিদা সম্পন্ন (প্রতিবন্ধী) বেকার যুবদের উন্নয়নে ঋণ কর্মসূচী) | ০৪০২৩৫-আয় হিসাব বিশেষ চাহিদা সম্পন্ন (প্রতিবন্ধী) বেকার যুবদের উন্নয়নে ঋণ কর্মসূচী হতে আয় |

**(xxviii) বিধবা/ স্বামী পরিত্যক্তা বেকার যুব মহিলাদের জন্য ঋণ কর্মসূচী (১০১৯০০):** বিধবা/ স্বামী পরিত্যক্তা বেকার যুব মহিলাদের জন্য ঋণ কর্মসূচীর হিসাবায়ন এ বিভাগের ২০ এপ্রিল ২০২২ তারিখের পরিপত্র নং ০৩/২০২২ এবং ঋণ ও অগ্রিম বিভাগের পরিপত্র নং-০৩/২০২২ তারিখ ১৩ এপ্রিল ২০২২ এর মাধ্যমে জারীকৃত সুদ হার অনুযায়ী ঋণের উপর সুদ ধার্য করতে হবে। এ ক্ষেত্রে হিসাব পদ্ধতি হবে নিম্নরূপ :

| ডেবিট | | ক্রেডিট |
|---|---|---|
| ১০১৯০১- ঋণ ও অগ্রিম (চলতি ঋণ) বিধবা/ স্বামী পরিত্যক্তা বেকার যুব মহিলাদের জন্য ঋণ কর্মসূচী | সকল ক্ষেত্রে | অশ্রেণীকৃত ঋণের সুদ- ০৪০২৩৬- বিধবা/ স্বামী পরিত্যক্তা বেকার যুব মহিলাদের জন্য ঋণ কর্মসূচীর উপর চার্জকৃত সুদ হতে আয় |
| ১০১৯০২- ঋণ ও অগ্রিম (মেয়াদোত্তীর্ণ ঋণ) বিধবা/ স্বামী পরিত্যক্তা বেকার যুব মহিলাদের জন্য ঋণ কর্মসূচী | | শ্রেণীকৃত ঋণের সুদ- ০৫০১১৫- বিধবা/ স্বামী পরিত্যক্তা বেকার যুব মহিলাদের জন্য ঋণ কর্মসূচীর স্থগিত সুদ |

**(xxix) হিজড়া সম্প্রদায়ের জন্য ঋণ কর্মসূচী (১০২০০০):** হিজড়া সম্প্রদায়ের জন্য ঋণ কর্মসূচীর হিসাবায়ন এ বিভাগের ১২ জুন ২০২২ তারিখের পরিপত্র নং ০৫/২০২২ এবং ঋণ ও অগ্রিম বিভাগের ০৯ জুন ২০২২ তারিখের ঋণ পরিপত্র নং-০৫/২০২২ এর মাধ্যমে জারীকৃত সুদ হার অনুযায়ী ঋণের উপর সুদ ধার্য করতে হবে। এ ক্ষেত্রে হিসাব পদ্ধতি হবে নিম্নরূপ:

**(অ) নিয়মিত ঋণের ক্ষেত্রে সুদ ধার্য:**

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| ১০২০০১- ঋণ ও অগ্রিম চলতি ঋণ- নিয়মিত (হিজড়া সম্প্রদায়ের জন্য ঋণ কর্মসূচী) | ০৪০২৩৭- হিজড়া সম্প্রদায়ের জন্য ঋণ কর্মসূচীর উপর চার্জকৃত সুদ হতে আয় (সুদ হারের ৭.০০%) |
| | ০৪০১০৬- ঋণের সুদ রেয়াত (হিজড়া সম্প্রদায়ের জন্য ঋণ কর্মসূচীর উপর চার্জকৃত সুদ হারের ১.০০%) |

**(আ) অনিয়মিত/মেয়াদোত্তীর্ণ ঋণের ক্ষেত্রে সুদ ধার্য:**

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| ১০২০০১- ঋণ ও অগ্রিম চলতি ঋণ- অনিয়মিত (হিজড়া সম্প্রদায়ের জন্য ঋণ কর্মসূচী) | ০৪০২৩৭- হিজড়া সম্প্রদায়ের জন্য ঋণ কর্মসূচী হতে আয় |
| ১০২০০২- ঋণ ও অগ্রিম -মেয়াদোত্তীর্ণ ঋণ (হিজড়া সম্প্রদায়ের জন্য ঋণ কর্মসূচী) | |

**(ই) শ্রেণীকৃত ঋণের ক্ষেত্রে সুদ ধার্য:**

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| ১০২০০১- ঋণ ও অগ্রিম (চলতি ঋণ) হিজড়া সম্প্রদায়ের জন্য ঋণ কর্মসূচী | ০৫০১১৬- হিজড়া সম্প্রদায়ের জন্য ঋণ কর্মসূচীর স্থগিত সুদ |
| ১০২০০২- ঋণ ও অগ্রিম (মেয়াদোত্তীর্ণ ঋণ) হিজড়া সম্প্রদায়ের জন্য ঋণ কর্মসূচী | |

**(ঈ) শ্রেণীকৃত ঋণের উপর ধার্যকৃত সুদ আদায়ের হিসাবায়ন পদ্ধতি :**

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| ০৫০১১৬- হিজড়া সম্প্রদায়ের জন্য ঋণ কর্মসূচীর স্থগিত সুদ | ০৪০২৩৭ হিজড়া সম্প্রদায়ের জন্য ঋণ কর্মসূচী হতে আয় |

**(উ) হিজড়া সম্প্রদায়ের জন্য ঋণ কর্মসূচীতে নিয়মিত ঋণ পরিশোধকারীকে চার্জকৃত সুদ হারের ১% রিবেট সুবিধা প্রদানের হিসাবায়ন পদ্ধতি:**

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| ০৪০১০৬-ঋণের সুদ রেয়াত (হিজড়া সম্প্রদায়ের জন্য ঋণ কর্মসূচী) | ০৮০২০২- এসএনডি হিসাব (হিজড়া সম্প্রদায়ের জন্য ঋণ কর্মসূচীর উপর চার্জকৃত সুদ হারের ১%) |

ক্রমশ: পৃষ্ঠা-০৯

**(ড) ঋণের সুদ রেয়াত খাতে সংরক্ষিত অর্থ (কিস্তি পরিশোধ অনিয়মিত হলে) আয় খাতে স্থানান্তর হিসাবায়ন পদ্ধতি:**

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| ০৪০১০৬-ঋণের সুদ রেয়াত (হিজড়া সম্প্রদায়ের জন্য ঋণ কর্মসূচী) | ০৪০২৩৭-আয় হিসাব (হিজড়া সম্প্রদায়ের জন্য ঋণ কর্মসূচী হতে আয়) |

**(xxx) অবলোপনকৃত ঋণ - (০৬০১০০ এবং ১২০১০০) :** এ বিষয়ে এ বিভাগ হতে ০৭.০৭.২০১৪ ও ১০.০৯.২০১৪ তারিখে জারীকৃত যথাক্রমে হিসাব পরিপত্র নং-০৩/২০১৪ ও ০৪/২০১৪ এবং ১২.১১.২০১৭ তারিখের সার্কুলার লেটার নং কেবি/প্রকা/কেহি-০১(০২)/২০১৭-২০১৮/৬৯৫ এ বর্ণিত হিসাব পদ্ধতি অনুসরণ করতে হবে।

**(xxxi) ঋণ, আমানত ও অন্যান্য সকল হিসাব বহি স্থিতিকরণ :** প্রতিটি ঋণ ও সকল প্রকার আমানত হিসাবে সুদপূর্ব স্থিতির মিল যাচাই, নিয়মানুযায়ী সুদ ধার্য/সুদ প্রদান এবং সুদ ধার্য/সুদ প্রদান পরবর্তী স্থিতি মিলিয়ে কর্মসূচী ভিত্তিক প্রতিটি ঋণ ও ধরণ ভিত্তিক আমানত হিসাবে ৩১.১২.২০২২ তারিখ ভিত্তিক ডেবিট ও ক্রেডিট সামেশন/সমষ্টিকরণ করতে হবে। শাখার সকল ঋণ ও অগ্রিম/আমানত খাতের স্থিতির সাথে কন্ট্রোল বুক/রেজিস্টারের স্থিতি হুবহু এক হবে এবং সকল উপ-খাতের সমষ্টি সাধারণ খতিয়ানের মূল খাতের স্থিতির সমান হবে। এভাবে সাধারণ খতিয়ানের প্রতিটি মূল খাতের স্থিতি সাধারণ খতিয়ান সারসংক্ষেপ ও বৈষয়িক বিবরণীতে অভিন্ন হতে হবে। অভিন্ন পদ্ধতিতে অন্যান্য হিসাব বহি/রেজিস্টারের স্থিতি নিশ্চিতকরণ করতে হবে।

**(xxxii) জড় দ্রব্যের (১৩০৪০০) অবচয় হিসাব :** জড়দ্রব্যের ক্রয়মূল্যের পরিবর্তে ৩১.১২.২০২২ তারিখের বহিমূল্যের (**Book Value**) উপর নিম্নবর্ণিত হারে ৬ মাসের (শাখা/আঞ্চলিক/বিভাগীয়/বিভাগীয় নিরীক্ষা কার্যালয়ের) অবচয় নির্ধারণ করতে হবে। ধার্যকৃত অবচয় **০১.০১.২০২৩** তারিখে রিভার্স করতে হবে। বিভিন্ন জড় দ্রব্যের খাত, অবচয় হার নিম্নরূপ:

**(ক) আসবাবপত্র ও সাজসরঞ্জাম¹ (১৩০৪০১) = ১০%**
**(খ) অফিস যন্ত্রপাতি² (১৩০৪০২) = ২০%**
**(গ) অফিস সরঞ্জামাদি³ (১৩০৪০৩) = ১৫%**
**(ঘ) বৈদ্যুতিক সরঞ্জামাদি⁴ (১৩০৪০৪) = ২০%**
**(ঙ) মটরগাড়ি ও যানবাহন (১৩০৫০০) = ২০%**
**(চ) ভূমি (১৩০৮০০) = ০%**
**(ছ) দালান (এপার্টমেন্ট) (১৩০৮০০) = ২.৫%**

**(১) আসবাবপত্র ও সাজসরঞ্জাম:** টেবিল, চেয়ার, টুল, সোফাসেট, র‍্যাক, আলমীরা (স্টিল ও কাঠ), আয়রন সেফ, স্টিল ট্রাংক, ফাইল কেবিনেট, নোটিশ বোর্ড, সাইন বোর্ড, ইত্যাদি।

**(২) অফিস যন্ত্রপাতি:** কম্পিউটার, ইউপিএস, আইপিএস, মনিটর, প্রিন্টার, প্রজেক্টর, অগ্নি নির্বাপক যন্ত্র, ফ্যাক্স মেশিন, ফটোকপিয়ার, ভোল্টেজ স্টেবিলাইজার, সিসি টিভি, ক্যামেরা, মিডিয়া কনভার্টর, ইত্যাদি।

**(৩) অফিস সরঞ্জামাদি:** পিএবিএক্স বোর্ড, মেডিক্যাল ইকুইপমেন্টস, কার্পেট/ম্যাট, মাইক্রোফোন/স্পিকার, দেয়াল স্কেটিং, লুকাস ব্যাটারি, ইত্যাদি।

**(৪) বৈদ্যুতিক সরঞ্জামাদি:** সিলিং ফ্যান, স্ট্যান্ড ফ্যান, ওয়াল ফ্যান, চার্জার ফ্যান, এটজস্ট ফ্যান, বক্স ফ্যান, টেবিল ফ্যান, মাইক্রোওভেন, ওয়াটার হিটার, জেনারেটর, এসি, সাব-স্টেশন, লিফট, ইত্যাদি।

এক্ষেত্রে হিসাব পদ্ধতি হবে নিম্নরূপ :

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| অবচয় - ১৩০৩৭৭ | জড় দ্রব্য- ১৩০৪০০ (সংশ্লিষ্ট সম্পত্তির উপ-খাত) |

**(xxxiii) ষ্টেশনারী ও সরবরাহ (১৩০২০০) :** ৩১.১২.২০১১ তারিখ পর্যন্ত প্রধান কার্যালয় হতে প্রাপ্ত মুদ্রিত মনোহারী দ্রব্যাদির মূল্য (যদি থাকে) ও তা ব্যবহারের খরচ হিসাবায়ন করতে হবে এবং ভাউচার প্রস্তুত করতে হবে। এক্ষেত্রে হিসাব পদ্ধতি হবে নিম্নরূপঃ

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| মুদ্রিত ষ্টেশনারী ও সরবরাহ- ১৩০৩৫৩ | ষ্টেশনারী ও সরবরাহ - ১৩০২০০ |

এছাড়া, ০১.০৭.২০২২ হতে ৩১.১২.২০২২ তারিখ পর্যন্ত সময়ে প্রধান কার্যালয় হতে প্রাপ্ত মুদ্রিত মনোহারী দ্রব্যাদির প্রাপ্তি ও ব্যবহার সংখ্যায় হিসাবভুক্ত করতে হবে। তবে, কোন ভাউচার প্রস্তুত করতে হবে না।

**(xxxiv) ডিসেম্বর, ২০২২ মাসের বেতন প্রদান :**

**(ক)** ব্যাংকের সকল নিয়মিত কর্মকর্তা-কর্মচারীদের **'ডিসেম্বর' ২০২২** মাসের বেতন-ভাতাদি ২০.১২.২০২২ তারিখে প্রদান করতে হবে এবং বেতন প্রদানের পর পরই (জুলাই'২০২২ হতে ডিসেম্বর'২০২২ মাসের বকেয়া/অগ্রিম পরিশোধসহ) সাধারণ ভবিষ্য তহবিল, সুপারেনুয়েশন ও বদান্য তহবিলে জমাকৃত সমুদয় চাঁদার বিবরণীসহ পৃথক ৩টি এড্‌ভাইস সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করতে হবে। আঞ্চলিক কার্যালয় কর্তৃক অঞ্চলাধীন সকল শাখার সাধারণ ভবিষ্য তহবিল, সুপারেনুয়েশন ও বদান্য তহবিলের **এড্‌ভাইস** এবং বিবরণী পৃথক অগ্রগামী পত্রের মাধ্যমে অবশ্যই **২২.১২.২০২২** তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।

ক্রমশ: পৃষ্ঠা-১০

**(খ)** চুক্তিভিত্তিক ও সম্পূর্ণ অস্থায়ীভাবে নিয়োজিত কর্মচারীদের প্রাপ্য বিল হিসাব সমাপনী তারিখে প্রস্তুত করে অবিতরণকৃত বেতন (০৪০১০৩) উপ-খাতভূক্ত করতে হবে এবং **০১.০১.২০২৩** তারিখে তা প্রদান করতে হবে। আল আরাফাত সার্ভিসেস (প্রাঃ) লিঃ কর্তৃক চুক্তিভিত্তিক নিয়োজিত অফিস সহায়ক ও নিরাপত্তা প্রহরী এর মজুরী থেকে কর্তনকৃত ভ্যাট ও উৎসে কর কর্মী ব্যবস্থাপনা, প্রশিক্ষণ ও মানবসম্পদ বিভাগের কব্যপ্রমাসবি পরিপত্র নং-০২/২০১৮ এর নির্দেশনা অনুযায়ী প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। এক্ষেত্রে "আল-আরাফাত সার্ভিসেস প্রা: লিঃ" এর কমিশন এবং ভ্যাট ও উৎসে করের এডভাইস ও বিবরণী আলাদাভাবে প্রেরণ করতে হবে। হিসাব পদ্ধতি হবে নিম্নরূপ:

| **ডেবিট** | **ক্রেডিট** |
|---|---|
| ভ্যাট- ০৪০১০৫ | কেবি আন্ত: হিসাব - ১১০২০০ |
| উৎসে কর- ০৪০১০৪ | কেবি আন্ত: হিসাব - ১১০২০০ |

**(xxxv) <u>প্রদেয় হিসাব (০৪০১০০)</u> :** ২০২২-২০২৩ অর্থবছরের বকেয়া সকল প্রকার বিল যেমন- অফিস ভবন ভাড়া, বিদ্যুৎ বিল, গ্যাস বিল, পানি বিল, টেলিফোন বিল ইত্যাদি সংশ্লিষ্ট অর্ধ-বার্ষিক হিসাব সমাপনীর তারিখেই নিষ্পন্নের পদক্ষেপ গ্রহন করতে হবে এবং যুক্তিগ্রাহ্য স্বল্প সংখ্যক এন্ট্রি ছাড়া অযৌক্তিক কোন এন্ট্রির জের টানা যাবে না।

**(xxxvi) <u>বেতন আয়ের উপর অগ্রিম আয়কর</u> :** কর্মকর্তা/কর্মচারীদের (প্রযোজ্য ক্ষেত্রে) বেতন আয়ের উপর ব্যক্তিগত পরিশোধযোগ্য মাসিক বেতন হতে কর্তনকৃত অগ্রিম আয়করের কিস্তি (অক্টোবর'২০২২ - ডিসেম্বর'২০২২) পরিশোধের ক্রেডিট এডভাইস **২২.১২.২০২২** তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।

**(xxxvii) <u>আদায়যোগ্য হিসাব (১৩০১০০)</u> :** আদায়যোগ্য খাতের অনিষ্পন্ন এন্ট্রি অর্ধ-বার্ষিক হিসাব সমাপনীর তারিখের মধ্যে সমন্বয় করতে হবে। কোন যৌক্তিক কারণ ছাড়া দু'মাসের অধিক অনিষ্পন্ন এন্ট্রির-জের পরবর্তী বছরে টানা যাবে না। ডাক খরচ/পেটি ক্যাশসহ সকল অগ্রিম **২৯** ডিসেম্বর' ২০**২২** তারিখে সমন্বয় করতে হবে এবং **০১.০১.২০২৩** তারিখ হতে পুনরায় অগ্রিম প্রদান করা যাবে।

**(xxxviii) <u>হিসাব সমাপনী দিনে হালকা ভোজন ও যাতায়াত খরচ</u> :** হিসাব সমাপনীর তারিখে বার্ষিক হিসাব সমাপনীর নিমিত্তে অতিরিক্ত সময় কাজের জন্য ব্যাংকের সকল স্তরের নিয়মিত কর্মকর্তা-কর্মচারী **১,০০০/- (এক হাজার)** টাকা হারে হালকা ভোজন (রিফ্রেশমেন্ট) ও যাতায়াত খরচ প্রাপ্য হবেন। উক্ত ব্যয় সংশ্লিষ্ট শাখার হিসাব সমাপনী ব্যয় (১৩০৩৮০) খাতে হিসাবভুক্ত হবে।

**(xxxix) ক) <u>মূল্য সংযোজন কর (ভ্যাট)</u> :** ভবন ভাড়া/হিসাব রক্ষণাবেক্ষণ ফি/উত্তোলন স্লিপ বই/সরবরাহকারী/পেশাগত ফিস/টেকনিক্যাল সেবা প্রদানকারীদের বিল থেকে ০১.০৭.২০২২ হতে ৩১.১২.২০২২ তারিখ পর্যন্ত কর্তনকৃত ভ্যাট পরিশোধ করা না হয়ে থাকলে শাখার নিকটস্থ কর অঞ্চল/কার্যালয়ে ট্রেজারি চালানের মাধ্যমে তা পরিশোধ করতে হবে। এক্ষেত্রে ভ্যাট পরিশোধের হিসাব পদ্ধতি নিম্নরূপ:

| **ডেবিট** | **ক্রেডিট** |
|---|---|
| ভ্যাট- ০৪০১০৫ | এসএনডি হিসাব (চেকের মাধ্যমে ভ্যাট পরিশোধ) - ০৮০২০২ |

শাখা কর্তৃক পরিশোধিত ভ্যাট সংক্রান্ত তথ্যাদি নিম্নোক্ত ছকে সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করতে হবে। আঞ্চলিক কার্যালয় কর্তৃক অঞ্চলাধীন সকল শাখার বিবরণী পৃথক অগ্রগামী পত্রের মাধ্যমে অবশ্যই **০১.০১.২০২৩** তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।

(পূর্ণ টাকায়)

| ক্রমিক নং | বিবরণ (যে খাতের বিপরীতে ভ্যাট কর্তন করা হয়েছে)। | মোট ব্যয় | ভ্যাটের হার | কর্তনকৃত ভ্যাট | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | | | |

**খ) <u>উৎসে কর</u> :** ভবন ভাড়া/পেশাগত ফিস/টেকনিক্যাল সেবা প্রদানকারীদের বিল থেকে ০১.০৭.২০২২ হতে ৩১.১২.২০২২ তারিখ পর্যন্ত কর্তনকৃত উৎসে কর পরিশোধ করা না হয়ে থাকলে শাখার নিকটস্থ কর অঞ্চল/কার্যালয়ে ট্রেজারি চালানের মাধ্যমে তা পরিশোধ করতে হবে। এক্ষেত্রে উৎসে কর পরিশোধের হিসাব পদ্ধতি নিম্নরূপ :

| **ডেবিট** | **ক্রেডিট** |
|---|---|
| উৎসে কর- ০৪০১০৪ | এসএনডি হিসাব (চেকের মাধ্যমে কর পরিশোধ) - ০৮০২০২ |

শাখা কর্তৃক পরিশোধিত উৎসে কর সংক্রান্ত তথ্যাদি নিম্নোক্ত ছকে সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করতে হবে। আঞ্চলিক কার্যালয় কর্তৃক অঞ্চলাধীন সকল শাখার বিবরণী পৃথক অগ্রগামী পত্রের মাধ্যমে অবশ্যই **০১.০১.২০২৩** তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।

(পূর্ণ টাকায়)

| ক্রমিক নং | বিবরণ (যে খাতের বিপরীতে উৎসে কর কর্তন করা হয়েছে) | মোট ব্যয় | উৎসে কর হার | কর্তনকৃত উৎসে কর | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | | | |

**ক্রমশ: পৃষ্ঠা-১১**

**গ) ঠিকাদারি চুক্তি বা উপ-চুক্তি বা মালামাল সরবরাহের ক্ষেত্রে নিম্নলিখিত সিলিং অনুযায়ী উৎসে কর কর্তন :** এ খাতের নিম্নবর্ণিত হারে কর্তিত উৎসে কর ২১ দিনের মধ্যে ''কর অঞ্চল-২ ঢাকা''-তে জমা করার বাধ্যবাধকতা থাকায় কর্তনকৃত উৎসে করের অর্থের এডভাইস **০১.০১.২০২৩** তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে :

| কর্তনের খাত | সিলিং | কর্তনের হার | কর্তনের ধারা |
|---|---|---|---|
| ঠিকাদার, সরবরাহ বা মেনুফেকচার, প্রসেস বা কনভার্শন বা প্রিন্টিং, প্যাকেজিং বা বাইন্ডিং এর ক্ষেত্রে | ভিত্তিমূল্য ৫০,০০,০০০.০০ টাকা পর্যন্ত | ৩% | আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা – ৫২ বিধি-১৬ |
| | ভিত্তিমূল্য ৫০,০০,০০০.০০ টাকার অধিক কিন্তু ২,০০,০০,০০০.০০ পর্যন্ত | ৫% | |
| | ভিত্তিমূল্য ২,০০,০০,০০০.০০ টাকার অধিক | ৭% | |
| | পেমেন্ট এর সময় প্রাপক ১২-ডিজিট টিআইএনধারী না হলে উৎসে করের হার নির্ধারিত হার অপেক্ষা ৫০ শতাংশ বেশী হবে। | | |

**(xxxx) সার্ভিসিং ব্যাংকে পরিচালিত এসএনডি হিসাব :** ০১.০৭.২০২২ হতে ৩১.১২.২০২২ তারিখ পর্যন্ত শাখার নামে সার্ভিসিং ব্যাংকে পরিচালিত এসএনডি হিসাবে প্রাপ্ত সুদ শাখার আয় খাতভুক্ত করতে হবে। এছাড়া সার্ভিসিং ব্যাংক কর্তৃক এসএনডি হিসাবে প্রদত্ত সুদের বিপরীতে কর্তনকৃত উৎসে করের ডেবিট এডভাইস সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করতে হবে।

আঞ্চলিক কার্যালয় কর্তৃক অঞ্চলাধীন সকল শাখার উৎসে করের ডেবিট এডভাইস পৃথক অগ্রগামী পত্রের মাধ্যমে **০১.০১.২০২৩** তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে হিসাব পদ্ধতি নিম্নরূপ :

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| এসএনডি হিসাব - ০৮০২০২ | আমানতের সুদ -০৪০২০৭ |
| কমিশন বাবদ খরচ -১৩০৩৩৭ | এসএনডি হিসাব -০৮০২০২ |
| কর ও অভিকর (আবগারী শুল্ক) - ১৩০৩৬৯ | |
| অগ্রপ্রদত্ত আয়কর (উৎসে কর)-১৩০১০৬ | |
| কেবি আন্ত: হিসাব - ১১০২০০ | অগ্রপ্রদত্ত আয়কর - ১৩০১০৬ |

হিসাব সমাপনীর তারিখে শাখার এসএনডি হিসাবের স্থিতির সাথে সার্ভিসিং ব্যাংকে পরিচালিত এসএনডি হিসাবের স্থিতির সমন্বয় নিশ্চিত করতে হবে। কোনরূপ গরমিল পরিলক্ষিত হলে তাৎক্ষনিকভাবে সংশ্লিষ্ট ব্যাংকের সাথে যোগাযোগ করে তা নিরসন করতে হবে। কোন কারণবশত: যদি সার্ভিসিং ব্যাংকের স্থিতির সাথে শাখার এসএনডি হিসাবের স্থিতির মিল না থাকে তাহলে উক্ত কারণ উল্লেখপূর্বক ব্যাংক হিসাব সমন্বয় বিবরণী **০১.০১.২০২৩** তারিখের মধ্যে আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। এছাড়া, উক্ত সমস্যা দ্রুত নিরসন করতে হবে।

**(xxxxi) আঞ্চলিক/বিভাগীয়/বিভাগীয় নিরীক্ষা কার্যালয়ের অর্ধ-বার্ষিক হিসাব সমাপন :** অর্ধ-বার্ষিক হিসাব সমাপনীর তারিখে আঞ্চলিক/ বিভাগীয়/বিভাগীয় নিরীক্ষা কার্যালয়ের আয় ও ব্যয় নিরূপনপূর্বক আঞ্চলিক/বিভাগীয়/বিভাগীয় নিরীক্ষা কার্যালয়ের আয় সংশ্লিষ্ট শাখার আয় খাতে হিসাবভুক্ত করতে হবে এবং আঞ্চলিক/বিভাগীয়/বিভাগীয় নিরীক্ষা কার্যালয়ের ব্যয় এর ডেবিট এডভাইস ও ব্যয়ের পৃথক বিবরণী **০১.০১.২০২৩** তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে।

**(xxxxii) ফরেন রেমিটেন্স :** ফরেন রেমিটেন্সের ০১.০৭.২০২২ হতে ৩১.১২.২০২২ তারিখ পর্যন্ত পুনর্ভরনের এডভাইসের বিবরণী **''সংযুক্তি-ঘ''** সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করতে হবে। আঞ্চলিক কার্যালয় কর্তৃক অঞ্চলাধীন সকল শাখার বিবরণী পৃথক অগ্রগামী পত্রের মাধ্যমে **০১.০১.২০২৩** তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে। পরিশোধিত সকল ফরেন রেমিটেন্সের অর্থ প্রধান কার্যালয় হতে পুনর্ভরনের বিষয়ে নিশ্চিত হতে হবে।

**(xxxxiii) প্রাপ্ত বা প্রেরিত তহবিলের উপর সুদ চার্জ:** এ বিভাগের ১২.০৯.২০১৭, ১৯.০৩.২০১৮,২৭.০৬.২০১৮,২৫.০৯.২০১৮, ১১.১২.২০১৮,২৭.১২.২০১৮, ২৫.০৬.২০১৯, ৩১,০৫.২০২১ এবং ২৭.০৬.২০২১ তারিখের যথাক্রমে সার্কুলার লেটার নং-কেবি/প্রকা/কেহি-১(২)/২০১৭-২০১৮/৩২৩, ১৪৮৫,২২২৫ সার্কুলার লেটার নং-কেবি/প্রকা/কেহি-১(২)/২০১৮-২০১৯/৪৮৪, ১১১১,১৩৩৬ ও ৫৩.১৭.০০০০. ১২০.২২.০০৮.১৯-২২৮৩, ১৯৯১, ২১৩৩ এ উল্লেখিত নির্দেশনা অনুযায়ী সুদ চার্জ করে সুদ চার্জ ও লাভ/লোকসান এর এডভাইস ও বিবরণী **''সংযুক্তি-ঙ ''** সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করতে হবে। আঞ্চলিক কার্যালয় কর্তৃক অঞ্চলাধীন সকল শাখার বিবরণী কম্পাইলেশন করে পৃথক অগ্রগামী পত্রের মাধ্যমে **০১.০১.২০২৩** তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে।

**০৩। বৈষয়িক বিবরণী :**

**(i) সমাপনী পূর্ব :** শাখায় যে সকল খরচের সম্ভাবনা আছে, সে সকল খরচ ২৯ ডিসেম্বর' ২০**২২** তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। এরপরও যদি পরিশোধযোগ্য খরচ অনিষ্পন্ন থাকে, তাহলে সে সকল খরচের জন্য সংশ্লিষ্ট ব্যয় খাত ডেবিট করে বিবিধ প্রদেয় (০৪০১১১) উপ-খাতে সাময়িক হিসাবভুক্ত করে **২৯** ডিসেম্বর' **২০২২** তারিখের বৈষয়িক বিবরণী (সমাপনী পূর্ব) প্রস্তুত করতে হবে। বৈষয়িক বিবরণী সমাপনী পূর্ব-তে যথারীতি আয় ও ব্যয় খাতের অংক থাকবে।

**(ii) লাভ-ক্ষতি নিরূপণ :** বৈষয়িক বিবরণী সমাপনী পূর্ব প্রস্তুতের পর নিম্নোক্ত হিসাব পদ্ধতি অনুসরণপূর্বক জেনারেল লেজারে রক্ষিত আয় ও ব্যয় এর খাত শূন্য করে লাভ-ক্ষতি নিরূপণ করতে হবে। এক্ষেত্রে হিসাব পদ্ধতি হবে নিম্নরূপ :

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| আয় হিসাব - ০৪০২০০ | লাভ-ক্ষতি সাধারণ হিসাব- ০১০২০০ |
| লাভ-ক্ষতি সাধারণ হিসাব- ০১০২০০ | ব্যয় হিসাব- ১৩০৩০০ |

ক্রমশ: পৃষ্ঠা-১২

**(iii) সমাপনী উত্তর ও ব্যালেন্স রিভার্স:** শাখার লাভ-ক্ষতি সাধারণ হিসাব নিরূপণের পর বৈষয়িক বিবরণী সমাপনী উত্তর প্রস্তুত করতে হবে। বৈষয়িক বিবরণী সমাপনী উত্তরে আয় ও ব্যয় খাতের অংক থাকবে না। শাখায় লাভ হলে ক্রেডিট ব্যালেন্স এবং ক্ষতি হলে ডেবিট ব্যালেন্স থাকবে। উল্লেখ্য, বৈষয়িক বিবরণীর দায় ও সম্পদের সমষ্টি ঐ তারিখের ক্লীন ক্যাশ বইয়ের যথাক্রমে ক্রেডিট ও ডেবিট সমষ্টির সমান হবে এবং সমাপনী উত্তর এ বিভাগে প্রেরণ করতে হবে না। এক্ষেত্রে হিসাব পদ্ধতি হবে নিম্নরূপ :

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| লাভ-ক্ষতি সাধারণ হিসাব- ০১০২০০ | আয় হিসাব - ০৪০২০০ |
| ব্যয় হিসাব - ১৩০৩০০ | লাভ-ক্ষতি সাধারণ হিসাব- ০১০২০০ |

০৪। **অর্ধ-বার্ষিক হিসাব সমাপনী প্রতিবেদন, এডভাইস এবং অবস্থার বিবরণী :** এতদ্‌সঙ্গে **সংযুক্ত (সংযুক্তি-ক ও খ)** মোতাবেক শাখাসমূহ অর্ধ-বার্ষিক হিসাব সমাপনীর জন্য হিসাব সমাপনী ক্রেডিট এডভাইস, সার্ভিসিং ব্যাংকের উৎসে করের জন্য ০১টি ডেবিট এডভাইস সর্বমোট ০৩ (তিন) টি এডভাইস **২৯.১২.২০২২** তারিখের মধ্যে এবং বৈষয়িক বিবরণী-সমাপনী পূর্ব, ব্যাংক কর্তৃক কর্তনকৃত উৎসে করের প্রত্যয়নপত্র, ব্যাংক স্টেটমেন্ট/সমন্বয় বিবরণী, এনবিডিসি বিবরণীসহ অন্যান্য মাসিক তথ্যাদি **০১.০১.২০২৩** তারিখের মধ্যে সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে এ বিভাগে পৌঁছানো নিশ্চিত করতে হবে। আঞ্চলিক কার্যালয় কর্তৃক অঞ্চলাধীন সকল শাখার ৩১.১২.২০**২২** তারিখের অবস্থার বিবরণী **"সংযুক্তি-গ" কম্পাইলেশন করে** অগ্রগামী পত্রের মাধ্যমে **০১.০১.২০২৩** তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।

০৫। **অর্ধ-বার্ষিক হিসাব সমাপনকালে পালনীয় :**

(i) অর্ধ-বার্ষিক হিসাব সমাপনী বিবরণী-তে পূর্ণ টাকা উল্লেখ করতে হবে;

(ii) বৈষয়িক বিবরণীতে উল্লেখিত হিসাব খাতের স্থিতি সাধারণ খাতিয়ানের সংশ্লিষ্ট হিসাব খাতের স্থিতির সাথে এবং সহায়ক খতিয়ানের সংশ্লিষ্ট উপ-খাত সমূহের সমষ্টি অবশ্যই সমপরিমাণ হতে হবে; মিলকরণ নিশ্চিত হওয়া ব্যতীত কোন অবস্থাতেই প্রতিবেদন প্রেরণ করা যাবে না;

(iii) বৈষয়িক বিবরণী, সাধারণ খতিয়ান, সহায়ক খতিয়ান সুন্দর হস্তাক্ষরে লিপিবদ্ধ করতে হবে। সর্বপ্রকার কাটাকাটি/ ঘষামাজা পরিহার করতে হবে এবং কোন অবস্থাতেই ওভাররাইটিং ও ফ্লুয়িড ব্যবহার করা যাবে না।

**০৬**। বিভাগের তত্ত্বাবধানে প্রধান কার্যালয়ের সকল খরচ, অনুমোদিত বিল প্রদান, অসমন্বিত আদায়যোগ্য অর্থ আদায় ও সমন্বয়সাধন, সার্ভিসিং ব্যাংকে সংরক্ষিত হিসাবের বিপরীতে প্রাপ্ত সুদ ও উৎসে কর হিসাবভুক্ত করণ ও হিসাব সমন্বয়, ডাক খরচের অগ্রিম সমন্বয়, পেটি ক্যাশ অগ্রিম সমন্বয় ইত্যাদি সমাপনী সম্পর্কিত কার্যসমূহ সম্পাদন করতে হবে।

০৭। সাধারণ সেবা ও প্রকৌশল বিভাগ এবং আইটি বিভাগের তত্ত্বাবধানে প্রধান কার্যালয়ের সকল জড় দ্রব্যের অবচয় ও জড়দ্রব্যের তালিকা প্রস্তুতকরণসহ মজুদ পরীক্ষাকরন এবং সকল ষ্টেশনারী ও সরবরাহের মজুদ পরীক্ষাপূর্বক হালনাগাদ করতে হবে।

০৮। **শাখা ব্যবস্থাপক ব্যক্তিগতভাবে হিসাব সমাপনীর পূর্বে এই মর্মে নিশ্চিত হবেন যে :**

(i) অত্র পরিপত্রের নির্দেশনা অনুযায়ী সকল হিসাবায়ন কার্যাদি সম্পাদন করা হয়েছে;

(ii) ঋণ, সঞ্চয়ী আমানত, কেবিটিডিএস এবং নিরাপত্তা আমানত হিসাবে সুদ ব্যাংকের প্রচলিত নিয়মে ধার্য/নির্ণয় করা হয়েছে;

(iii) সার্ভিসিং ব্যাংক কর্তৃক এসএনডি হিসাবে সঠিক ভাবে সুদ প্রদান করা হয়েছে এবং ব্যাংক স্থিতি সঠিক আছে;

(iv) বিভিন্ন উৎসে কর ও ভ্যাট কর্তন সঠিক আছে;

(v) সকল আদায়যোগ্য অর্থ আদায় এবং সঠিকভাবে হিসাবভুক্ত করা হয়েছে ;

(vi) সকল ভ্রমণ ভাতা অগ্রিম এবং অন্যান্য অগ্রিম সমন্বয় করা হয়েছে ;

(vii) জড় দ্রব্য ও ষ্টেশনারী দ্রব্য সঠিকভাবে গননাপূর্বক খরচ নির্ণয় ও অবচয় ধার্য করা হয়েছে ;

(viii) ঋণ হিসাব ও আমানত হিসাবের ব্যালেন্সিং করা হয়েছে, যা সাধারণ খতিয়ানের স্থিতির সাথে মিল আছে ;

(ix) ব্যাংক হিসাব এবং শাখায় রক্ষিত সকল লেজার ও কাঁচা রেজিস্টারের স্থিতি সঠিকভাবে সমন্বয় সাধন করা হয়েছে;

(x) সকল হিসাব বই/লেন-দেন বই/ লেজার /কাঁচা রেজিস্টার ইত্যাদি শাখা ব্যবস্থাপক কর্তৃক স্বাক্ষরিত হয়েছে।

**ক্রমশ: পৃষ্ঠা-১৩**

০৯। আঞ্চলিক ব্যবস্থাপকগণকে স্ব স্ব অঞ্চলাধীন শাখাসমূহ কর্তৃক বর্ণিত নির্দেশাবলী বাস্তবায়ন নিশ্চিতকরণসহ শাখা হতে নিম্নলিখিত শাখাওয়ারী এডভাইস ও বিবরণী সংগ্রহপূর্বক উহা কম্পাইলেশন করে নির্ধারিত তারিখের মধ্যে এ বিভাগে পৌঁছানো নিশ্চিত করতে হবে :

| ক্র. নং | বিবরণ | পৌঁছানোর তারিখ/সময় | মাধ্যম | মন্তব্য |
|---|---|---|---|---|
| i | অঞ্চলাধীন সকল শাখার আয়-ব্যয় বিবরণী (আঞ্চলিক/বিভাগীয়/বিভাগীয় নিরীক্ষা কার্যালয়ের ব্যয়সহ) | হিসাব সমাপনীর পরপর | ই-মেইল/ টেলিফোন | cafmd@kb.gov.bd |
| ii | সাধারণ ভবিষ্য তহবিল এর এডভাইস (৬ মাসের) | ২২.১২.২০২২ | কুরিয়ার যোগে/ সরাসরি | পৃথক অগ্রগামী পত্রের মাধ্যমে পৌঁছাতে হবে |
| iii | সুপারেনুয়েশন তহবিল এর এডভাইস (৬ মাসের) | -ঐ- | | -ঐ- |
| iv | বদান্য তহবিল এর এডভাইস (৬ মাসের) | -ঐ- | | -ঐ- |
| v | অর্ধ-বার্ষিক সমাপনী এডভাইস (সংযুক্তি "ক ও খ" মোতাবেক) | ০১.০১.২০২৩ | | -ঐ- |
| vi | ব্যাংক হিসাবে কর্তিত উৎসে করের ডেবিট এডভাইস | ঐ | | -ঐ- |
| vii | বৈষয়িক বিবরণী-সমাপনী পূর্ব (সফট কপি ও হার্ড কপি) | ২৯.১২.২০২২ | ই-মেইলে/ কুরিয়ার যোগে/ সরাসরি | cafmd@kb.gov.bd / পৃথক অগ্রগামী পত্রের মাধ্যমে পৌঁছাতে হবে |
| viii | এনবিডিসি বিবরণী (সফট কপি ও হার্ড কপি) | ০১.০১.২০২৩ | ঐ | ঐ |
| ix | অবস্থার বিবরণী (সফট কপি ও হার্ড কপি) (সংযুক্তি "গ") | ঐ | ঐ | ঐ |
| x | ব্যাংক কর্তৃক কর্তনকৃত উৎসে করের প্রত্যয়নপত্র এবং ব্যাংক স্টেটমেন্ট/ ব্যাংক হিসাব সমন্বয় বিবরণী | ঐ | কুরিয়ার যোগে/ সরাসরি | পৃথক অগ্রগামী পত্রের মাধ্যমে পৌঁছাতে হবে |
| xi | ফরেন রেমিটেন্স পরিশোধের পুনর্ভরন বিবরণী (সংযুক্তি "ঘ") | ঐ | | |
| xv | প্রাপ্ত বা প্রেরিত তহবিলের উপর সুদ চার্জের এডভাইস ও বিবরণী ("সংযুক্তি-ঙ") | ঐ | | |

১০। অর্ধ-বার্ষিক হিসাব সমাপনী সংক্রান্ত কোন প্রকার অস্পষ্টতা দেখা দিলে শাখা ব্যবস্থাপকগণকে আঞ্চলিক ব্যবস্থাপকের সঙ্গে এবং আঞ্চলিক ব্যবস্থাপকগণকে নিম্নস্বাক্ষরকারীর সঙ্গে যোগাযোগ করে তা নিরসনের জন্য পরামর্শ দেয়া হলো।

**অনুমোদনক্রমে-**

০৮.১২.২০২২

সংযুক্তি : বর্ণনানুযায়ী।

(মোহাম্মদ জাকির হোসেন)
উপমহাব্যবস্থাপক

সুত্র নং-৫৩.১৭.০০০০.১২০.২২.০০৮.২২-৭৫৫(৩২১) তারিখ : ০৮ ডিসেম্বর ২০২২

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (সংশ্লিষ্ট সকলকে ব্যাংকের ওয়েবসাইট থেকে কপি সংগ্রহ করার অনুরোধসহ):**

১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (পরিচালন ও হিসাব/প্রশাসন ও নিরীক্ষা) মহোদয়ের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
৪। সকল উপমহাব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। কোন প্রকার খরচের প্রভিশন অথবা অগ্রিম সমন্বয়ের প্রয়োজন হলে **২৭.১২.২০২২** তারিখে মধ্যে উহার যথাযথ ব্যবস্থা গ্রহণ করে এ বিভাগে প্রয়োজনীয় নির্দেশনা প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো;
৫। উপমহাব্যবস্থাপক, সাধারণ সেবা ও প্রকৌশল বিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। ০১.০৭.২০২২ হতে ৩১.১২.২০২২ পর্যন্ত ব্যাংকের সকল প্রকার ক্রয়, মুদ্রণ ব্যয়, স্টেশনারী খরচ, মেরামত ও নবায়ন খরচসহ হিসাবায়নের জন্য জড় দ্রব্যের অবচয় নির্ধারণপূর্বক ১টি তালিকা **২৭.১২.২০২২** তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো;
৬। উপমহাব্যবস্থাপক, আইটি বিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। ০১.০৭.২০২২ হতে ৩১.১২.২০২২ পর্যন্ত জড় দ্রব্যের অবচয় নির্ধারণপূর্বক ১টি তালিকা **২৭.১২.২০২২** তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। এছাড়া পরিপত্রটি ব্যাংকের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো;
৭। সকল উপমহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়, কর্মসংস্থান ব্যাংক;
৮। বোর্ড সচিব, পর্ষদ সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
৯। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, কর্মসংস্থান ব্যাংক;
১০। সকল আঞ্চলিক ব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক;
১১। সকল শাখা ব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক;
১২। অফিস নথি।

08/12/22

(মোহাম্মদ আবু সাঈদ)
সহকারী মহাব্যবস্থাপক

(সংযুক্তি"ক")

# অর্ধ-বার্ষিক হিসাব সমাপনী ২০২২-২০২৩ এর ক্রেডিট এডভাইস

ট্রানজেকশন কোড নম্বর-৩১

# কর্মসংস্থান ব্যাংক

------------------------------শাখা

------------------------------------

ক্রেডিট এডভাইস নং-

তারিখ: | ২ | ৯ | ১ | ২ | ২ | ০ | ২ | ২ |

| শাখা | | | | হতে |
|---|---|---|---|---|
| **প্রধান কার্যালয়, ঢাকা** | ১ | ০ | ১ | **এর উপর** |

নিম্নোক্ত বিবরন মোতাবেক কেবি আন্তঃ হিসাব নং ১১০২০০ এর মারফতঃ /-
**কথায়ঃ (.......................................................................) টাকা** মাত্র প্রেরণ করা হলো যা আপনাদের হিসাবে ডেবিট হবে।

**বিবরণঃ** হিসাব পরিপত্র নং- ০৬/২০২২ এর নির্দেশনা মোতাবেক অর্ধ-বার্ষিক হিসাব সমাপনী ২০২২-২০২৩ সমাপনান্তে অত্র শাখা হতে প্রেরিত অর্থের তালিকা নিম্নে দেয়া হলো :

| ক্র. নং | বিষয় | টাকা |
|---|---|---|
| ১ | সঞ্চয়ী আমানতের উপর :<br>ক) ব্যাক্তি আমানতকারীকে প্রদত্ত সুদের বিপরীতে কর্তনকৃত উৎসে করের পরিমাণ:<br>খ) প্রাতিষ্ঠানিক আমানতকারীকে প্রদত্ত সুদের বিপরীতে কর্তনকৃত উৎসে করের পরিমাণ: | |
| ২ | নিরাপত্তা আমানতের উপর প্রদানকৃত সুদের বিপরীতে কর্তনকৃত উৎসে কর | |
| ৩ | আবগারী শুল্ক (যদি থাকে) | |
| | **মোট (১ হতে ৩ এর যোগফল) :** | |

**অনুমোদিত স্বাক্ষরঃ**

১। **ব্যবস্থাপক**

২। **দ্বিতীয় কর্মকর্তা/স্বাক্ষরকারী**

সংযুক্তিঃ

(সংযুক্তি"খ")

# অর্ধ-বার্ষিক হিসাব সমাপনী ২০২২-২০২৩ এর ক্রেডিট এডভাইস

ট্রানজেকশন কোড নম্বর-৩১

# কর্মসংস্থান ব্যাংক

--------------------------------শাখা

-------------------------------------

ক্রেডিট এডভাইস নং-

তারিখ: | ২ | ৯ | ১ | ২ | ২ | ০ | ২ | ২ |

| **শাখা** | | | | হতে |
|---|---|---|---|---|
| **প্রধান কার্যালয়, ঢাকা** | ১ | ০ | ১ | **এর উপর** |

নিম্নোক্ত বিবরন মোতাবেক কেবি আন্তঃ হিসাব নং ১১০২০০ এর মারফত : /-
**কথায়ঃ (...................................................................) টাকা** মাত্র প্রেরণ করা হলো যা আপনাদের হিসাবে ডেবিট হবে।

**বিবরণঃ** হিসাব পরিপত্র নং- ০৬/২০২২ এর নির্দেশনা মোতাবেক অর্ধ-বার্ষিক হিসাব সমাপনী ২০২২-২০২৩ সমাপনান্তে অত্র শাখা হতে প্রেরিত অর্থের তালিকা নিম্নে দেয়া হলো :

| ক্র. নং | বিষয় | টাকা |
|---|---|---|
| ১ | মৃত্যু ঝুঁকি আচ্ছাদন স্কীম-এ জমাকৃত তহবিল | |
| ২ | কৃষি ভিত্তিক ঋণ কর্মসূচীর পুনর্গঠিত তহবিল | |
| ৩ | শিকাশ্র ঋণ কর্মসূচীর পুনর্গঠিত তহবিল | |
| ৪ | আল আরাফাত সার্ভিসেস প্রাঃ লিঃ এর প্রাপ্য অংশ (ভ্যাট ও উৎসে কর বাদে) | |
| **মোট (১ হতে ৪ এর যোগফল) :** | | |

**অনুমোদিত স্বাক্ষরঃ**

১। **ব্যবস্থাপক**

২। **দ্বিতীয় কর্মকর্তা/স্বাক্ষরকারী**

সংযুক্তিঃ

সংযুক্তি "গ"

# কর্মসংস্থান ব্যাংক

....................শাখা/ কার্যালয়, ...................।

## ৩১.১২.২০২২ তারিখের অবস্থার প্রতিবেদনঃ

| ক্র নং | বিবরণ | | পূর্ণ টাকায় |
|---|---|---|---|
| ১. | **সুদ বাবদ নগদে আদায়ের পরিমান :** | | |
| | (ক) ৩১.১২.২০২২ তারিখ পর্যন্ত ঋণের সুদ/সার্ভিস চার্জ বাবদ মোট নগদে আদায়ের পরিমাণ | | |
| | (খ) ৩১.১২.২০২২ তারিখ পর্যন্ত এসএনডি হিসাবে সুদ বাবদ মোট প্রাপ্তির পরিমাণ | | |
| ২. | ৩১.১২.২০২২ তারিখের মূল বেতনের পরিমান (শাখা/আঞ্চলিক/বিভাগীয়/বিভাগীয় নিরীক্ষা কার্যালয়ের সকল কর্মকর্তা -কর্মচারীর) | | |
| ৩. | **অফিস ভবন ভাড়া সংক্রান্ত :** | | |
| | (ক) ০১.০৭.২০২২-৩১.১২.২০২২ তারিখ পর্যন্ত চুক্তিপত্র অনুযায়ী অফিস ভবন ভাড়া (৬ মাস) | | |
| | (খ) ০১.০৭.২০২২-৩১.১২.২০২২ তারিখ পর্যন্ত অফিস ভবন ভাড়া হতে ভ্যাট কর্তন | | |
| | (গ) ০১.০৭.২০২২-৩১.১২.২০২২ তারিখ পর্যন্ত অফিস ভবন ভাড়া হতে উৎসে কর কর্তন | | |
| | (ঘ) ০১.০৭.২০২২-৩১.১২.২০২২ তারিখ পর্যন্ত ভবন মালিককে প্রদান | | |
| | (ঙ) মোট অফিস ভবন ভাড়া বাবদ খরচের পরিমান : (ক+খ) কোড নং ১৩০৩৪৪ এর সমান হবে)= | | |
| ৪. | ফরেন রেমিট্যান্স পরিশোধ | সংখ্যা- | |
| ৫. | **আমানত সংক্রান্ত :** | | |
| | ক) ৩১.১২.২০২২ তারিখে সঞ্চয়ী আমানতকারীর | সংখ্যা- | |
| | খ) ৩১.১২.২০২২ তারিখে কেবিএসডিএস আমানতকারীর | সংখ্যা- | |
| | গ) ৩১.১২.২০২২ তারিখে কেবিটিডিএস আমানতকারীর | সংখ্যা- | |
| | ঘ) ৩১.১২.২০২২ তারিখে নিরাপত্তা আমানত (কর্মী) | সংখ্যা- | |
| | **মোটঃ (ক+খ+গ+ঘ) =** | **সংখ্যা-** | |
| | ঙ) ৩১.১২.২০২২ তারিখ পর্যন্ত আমানত (কেবিটিডিএস) | **সংগ্রহ** | **পরিশোধ** |
| | | | |
| ৬. | আমানতের বিপরীতে পরিশোধিত সুদ ও কর্তনকৃত উৎসে কর | পরিশোধিত সুদ | উৎসে কর |
| | | ব্যক্তি/প্রাতিষ্ঠানিক | ব্যক্তি/প্রাতিষ্ঠানিক |
| | ক) ০১.০৭.২০২২ হতে ৩১.১২.২০২২ তারিখ পর্যন্ত সঞ্চয়ী আমানতকারীকে | | |
| | খ) ০১.০৭.২০২২ হতে ৩১.১২.২০২২ তারিখ পর্যন্ত কেবিএসডিএস আমানতকারীকে | | |
| | গ) ০১.০৭.২০২২ হতে ৩১.১২.২০২২ তারিখ পর্যন্ত কেবিটিডিএস আমানতকারীকে | | |
| | ঘ) ০১.০৭.২০২২ হতে ৩১.১২.২০২২ তারিখ পর্যন্ত নিরাপত্তা আমানত (কর্মী) | | |
| | **মোটঃ (ক+খ+গ+ঘ) =** | | |
| ৭. | **৩১.১২.২০২২ তারিখে ঋণ স্থিতি :** | **আসল** | **সুদ** |
| ৮. | ক) ঋণ ও অগ্রিম- নিজস্ব কর্মসূচী (১০০১০০) | | |
| | খ) ঋণ ও অগ্রিম- কৃভিশি (১০০৩০০) | | |
| | গ) ঋণ ও অগ্রিম- শিকাশ্র কর্মসূচী (১০০৪০০) | | |
| | ঘ) কর্মচারী মটর সাইকেল ঋণ ও গৃহ নির্মাণ কর্মী ঋণ (১০০৫০০) | | |
| | ঙ) ঋণ-কেবি স্পেশাল ডিপোজিট স্কীম (১০০৬০০) | | |
| | চ) ভোক্তা ঋণ (১০০৭০০) | | |
| | ছ) এসইসিপি ঋণ (১০০৮০০) | | |
| | জ) কম্পিউটার ঋণ (১০১২০০) | | |
| | ঝ) কেবিটিডিএস ঋণ (১০১৩০০) | | |
| | ঞ) সুদ যুক্ত ভবন ভাড়া (১০১৪০০) | | |
| | ট) বাংলাদেশ ব্যাংক মৎস্য ও প্রাণী সম্পদ ঋণ সহায়তা কর্মসূচী- ১ম পর্যায় (১০১০০০) | | |
| | ঠ) বাংলাদেশ ব্যাংক মৎস্য ও প্রাণী সম্পদ ঋণ সহায়তা কর্মসূচী- ২য় পর্যায় (১০১০০০) | | |
| | ড) বাংলাদেশ ব্যাংক মৎস্য ও প্রাণী সম্পদ ঋণ সহায়তা কর্মসূচী- ৩য় পর্যায় (১০১০০০) | | |
| | ঢ) বাংলাদেশ ব্যাংক মৎস্য ও প্রাণী সম্পদ ঋণ সহায়তা কর্মসূচী- ৪র্থ পর্যায় (১০১০০০) | | |
| | ণ) covid-১৯ প্রভাব মোকাবেলার লক্ষ্যে ঋণ সহায়তা (১০১৬০০) | | |
| | ত) covid-১৯ প্রভাব মোকাবেলার লক্ষ্যে (প্রণোদনা) ঋণ সহায়তা (১০১৬০০) | | |
| | থ) দুগ্ধ উৎপাদন ও কৃত্রিম প্রজনন পুন:অর্থায়ন ঋণ- (১০১১০০) | | |
| | দ) বঙ্গবন্ধু যুব ঋণ (১০১৫০০) | | |
| | ধ) বাংলাদেশ ব্যাংক হতে প্রাপ্ত তহবিলের আওতায় বঙ্গবন্ধু যুব ঋণ কর্মসূচী (১০১৭০০) | | |
| | ন) বিশেষ চাহিদা সম্পন্নদের (প্রতিবন্ধী) ঋণ কর্মসূচী (১০১৮০০) | | |
| | প) বিধবা/স্বামী পরিত্যক্তাদের ঋণ কর্মসূচী (১০১৯০০) | | |
| | ফ) হিজড়া সম্প্রদায়ের জন্য ঋণ কর্মসূচী সুদ ধার্যের হিসাবায়ন পদ্ধতি (১০২০০০) | | |
| | **মোটঃ (ক হতে ফ পর্যন্ত) =** | | |
| ৯. | ৩১.১২.২০২২ তারিখে সার্ভিসিং ব্যাংকের স্থিতি | | |

**ব্যবস্থাপক/ আঞ্চলিক ব্যবস্থাপকের স্বাক্ষর**

সংযুক্তি "ঘ"

# কর্মসংস্থান ব্যাংক

.....................শাখা/ কার্যালয়, .....................।

## ০১.০৭.২০২২ হতে ৩১.১২.২০২২ তারিখ পর্যন্ত ফরেন রেমিটেন্স পুনর্ভরনের বিবরণী :

(পূর্ণ টাকায়)

| ক্রমিক নং | তারিখ | এডভাইস নং | ফরেন রেমিটেন্স | |
|---|---|---|---|---|
| | | | সংখ্যা | পরিমাণ |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | মোট - | | | |

দ্বিতীয় কর্মকর্তা/ স্বাক্ষরকারী

ব্যবস্থাপক/আঞ্চলিক ব্যবস্থাপক

সংযুক্তি "ঙ"

# কর্মসংস্থান ব্যাংক

..........................শাখা ...............................।

বিষয় : প্রধান কার্যালয় থেকে প্রাপ্ত তহবিল এবং শাখা হতে প্রেরিত তহবিলের উপর ০১.০৭.২০২২ হতে ৩১.১২.২০২২ পর্যন্ত সুদ চার্জ ও লাভ-লোকসান বিবরণী।

(পূর্ণ টাকায়)

| ক্র নং | শাখার নাম | প্রধান কার্যালয়/অন্য শাখা থেকে প্রাপ্ত তহবিলের পরিমাণ | প্রধান কার্যালয়/অন্য শাখা থেকে প্রাপ্ত তহবিলের উপর চার্জকৃত সুদের পরিমাণ | | প্রধান কার্যালয়/ অন্য শাখায় প্রেরিত তহবিলের পরিমাণ | প্রধান কার্যালয়/অন্য শাখায় প্রেরিত তহবিলের উপর চার্জকৃত সুদের পরিমাণ | | শাখার আয় | | শাখার ব্যয় | | লাভ/ লোকসান | | রেমিটেন্সের জন্য প্রাপ্ত তহবিলের পরিমাণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | চলতি ত্রৈমাসিকে | চলতি অর্থ বছরে | | চলতি ত্রৈমাসিকে | চলতি অর্থ বছরে | প্রকৃত | তহবিলের সুদসহ অনুমিত | প্রকৃত | তহবিলের সুদসহ অনুমিত | প্রকৃত | তহবিলের সুদসহ অনুমিত | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | |